আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তারা বলে যে, এটি আল্লাহর কথা অথচ এসব আল্লাহর কথা নয়। আর তারা জেনে শুনে আল্লাহরই প্রতি মিথ্যারোপ করে।

সূরা আল ইমরান ৭৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ৩০ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৮ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১৫ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

একই দাগে সরকারি ও ব্যক্তিমালিকানাধীন জমি থাকলে আলাদা করে নামজারি

কীর্তনখোলা ডেস্ক

একই দাগের জমির একাংশ ব্যক্তি মালিকানাধীন এবং অন্য অংশ খাস বা সরকারি স্বার্থসংশ্লিষ্ট হলে সীমানা নির্ধারণ ২ এর পাতায় দেখুন

তত্ত্বাবধায়ক সরকারের রূপরেখা নিয়ে উন্মুক্ত প্রস্তাব আহ্বান

কীর্তনখোলা ডেস্ক

তত্ত্বাবধায়ক সরকার কী প্রক্রিয়ায় এবং কাদের নিয়ে গঠিত হবে সে বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

সব অপরাধের পেছনে সরকারদলীয় নেতা-কর্মী-মন্ত্রীরা মদদ দিচ্ছেন: পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক

সব অপরাধের পেছনে সরকারদলীয় নেতা-কর্মী ও মন্ত্রীরা মদদ দিচ্ছেন বলে অভিযোগ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন

২২ অক্টোবরও ছুটি দুর্গাপূজায় মিলবে টানা ৫ দিনের ছুটি

কীর্তনখোলা ডেস্ক

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, চলতি বছর সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজায় দুদিনের ২ এর পাতায় দেখুন

চিকিৎসক সংকটে ধুঁকছে দক্ষিণাঞ্চলের স্বাস্থ্যসেবা

কীর্তনখোলা রিপোর্ট

চিকিৎসকের তীব্র সংকটে ধুঁকছে বরিশাল বিভাগ তথা দক্ষিণাঞ্চলের সরকারি স্বাস্থ্যসেবা। প্রায় এক কোটি মানুষের এই অঞ্চলের সরকারি হাসপাতালগুলোতে অনুমোদিত চিকিৎসক পদের অর্ধেকেরও বেশি শূন্য। সবচেয়ে বেশি সংকট উপজেলা পর্যায়ে। চিকিৎসক না থাকায় প্রত্যন্ত এলাকার রোগীদের জেলা শহর কিংবা বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শেবাচিম) ছুটতে হচ্ছে। এতে একদিকে রোগীদের ভোগান্তি বাড়ছে, অন্যদিকে শেবাচিমে তৈরি হচ্ছে অতিরিক্ত চাপ। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল বাদে বরিশাল বিভাগে চিকিৎসকের অনুমোদিত পদ রয়েছে ১ হাজার ৮৬৭টি। এর বিপরীতে কর্মরত আছেন মাত্র ৬৭৫ জন। এর মধ্যে বরিশাল জেলায় ৪৩৯ পদের বিপরীতে ২২৪ জন, ভোলায় ৩৮৩ পদের বিপরীতে ১০৩ জন, ঝালকাঠিতে ২০০ পদের বিপরীতে ৫৮ জন, পটুয়াখালীতে ৩৩৩ পদের বিপরীতে ১২০ জন, পিরোজপুরে ২৯৫ পদের বিপরীতে ৯২ জন এবং বরগুনায় ২১৭ পদের বিপরীতে মাত্র ৭৪ জন চিকিৎসক রয়েছেন। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার বলেন, বরিশাল বিভাগে চিকিৎসক সংকট অত্যন্ত প্রকট। বর্তমানে বিভিন্ন হাসপাতালে হাম, ডেঙ্গুসহ নানা পানিবাহিত রোগে আক্রান্ত বিপুলসংখ্যক রোগী চিকিৎসা নিচ্ছেন। চিকিৎসক সংকটের কারণে ঠিকমতো সেবা দেওয়া যাচ্ছে না। বিষয়টি স্বাস্থ্যসচিব ও মহাপরিচালককে জানানো হয়েছে। আশা করা হচ্ছে, এবার বরিশালে কিছু চিকিৎসক নিয়োগ দেওয়া হবে। স্বাস্থ্য অধিদপ্তরের একটি সূত্র জানায়, বরিশাল বিভাগের জেলাগুলো নদীবেষ্টিত হওয়ায় যাতায়াতে সমস্যা রয়েছে। এ কারণে ভোলা, বরগুনা ও পটুয়াখালীর বেশ কয়েকটি উপজেলায় চিকিৎসকেরা কাজ করতে অনীহা দেখান। স্বাস্থ্য অধিদপ্তর থেকে পদায়ন করা হলেও পরে নানা তদবিরের মাধ্যমে অনেকেই এসব হাসপাতাল থেকে বদলি হয়ে যান। ফলে প্রত্যন্ত এলাকার মানুষ প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। অন্যদিকে দক্ষিণাঞ্চলের মানুষের প্রধান চিকিৎসাকেন্দ্র হিসেবে পরিচিত শের-ই-বাংলা ২ এর পাতায় দেখুন

সুবিধাভোগী বাছাইয়ে রাজনৈতিক বিবেচনা নয়: সংসদীয় কমিটি

কীর্তনখোলা ডেস্ক

সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধাভোগী নির্বাচনে রাজনৈতিক বিবেচনা না করার সুপারিশ করেছে সমাজকল্যাণ মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। প্রকৃত দরিদ্র ও অসহায় মানুষকে অগ্রাধিকার দিয়ে প্রকৃত সুবিধাভোগী নির্বাচন করতে কার্যকর পদক্ষেপ এবং সামাজিক নিরাপত্তাসেবাকে ফলপ্রসূ করার বিষয়ে গুরুত্বারোপ করেছে কমিটি। মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে সমাজকল্যাণ মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এই সুপারিশ ও গুরুত্বারোপ করা হয়। বৈঠক শেষে কমিটির সভাপতি মো. শাহজাহান বলেন, 'যাতে প্রকৃত সুবিধাভোগীরা সামাজিক নিরাপত্তার সেবা পায় এবং রাজনৈতিক বিবেচনা করা না হয়, সে বিষয়ে আমরা বলেছি।' বৈঠকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রমের ওপর একটি সার্বিক প্রতিবেদন উপস্থাপন করা হয়। এ নিয়ে আলোচনা হয়। কমিটির পক্ষ থেকে বলা হয়, মন্ত্রণালয়ের সবাইকে একটি টিম হিসেবে কাজ ২ এর পাতায় দেখুন

জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি -কীর্তনখোলা

পটুয়াখালী মেডিকেল ও মেঘনার ভাঙনরোধসহ

একনেকে ১৫ হাজার ৮২৩ কোটি টাকার ১৩ প্রকল্প অনুমোদন

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ১৫ হাজার ৮২৩ কোটি ৫৭ লাখ টাকা ব্যয়সংবলিত ১৩টি প্রকল্প অনুমোদন করেছে। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ১০ হাজার ১১৮ কোটি ৩৩ লাখ টাকা, প্রকল্প ঋণ ৫ হাজার ২৫২ কোটি ৯৬ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ৩৮২ কোটি ২৮ লাখ টাকা। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে নতুন ৮টি, সংশোধিত ৩টি এবং মেয়াদ বৃদ্ধির প্রকল্প ২টি। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন তারেক রহমানের সভাপতিত্বে সচিবালয়ের মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সভা শেষে এনইসি ভবনে সাংবাদিকদের এ তথ্য জানান পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকি। অনুমোদিত ১৩টি প্রকল্প হলো: স্বাস্থ্য ২ এর পাতায় দেখুন

দুমকিতে শেখ হাসিনার জন্মদিনে নিষিদ্ধ ছাত্রলীগের বৃক্ষরোপণ

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকি উপজেলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে নিষিদ্ধ ঘোষিত সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের ব্যানারে বৃক্ষরোপণ কর্মসূচি পালনের অভিযোগ উঠেছে। গত ২৮ সেপ্টেম্বর (রোববার) উপজেলার পাংগাশিয়া মডেল নূরানী মাদ্রাসা প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুসন্ধানে জানা গেছে, ওই বৃক্ষরোপণ কর্মসূচিতে ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের সদস্যরা সরাসরি অংশ নেন। পুলিশ সূত্রে কর্মসূচিতে অংশ নেওয়া অভিযুক্ত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। তাদের মধ্যে রয়েছেন মেহেদী হাসান, পিতা মোশারফ হাওলাদার, লেবুখালী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড; মো. সায়েম হাওলাদার, পিতা দুলাল হাওলাদার, ৯ নম্বর ওয়ার্ড; মো. রাতুল ফরাজী, পিতা মো. রাজু ফরাজী, ৯ নম্বর ২ এর পাতায় দেখুন

বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা আধুনিকীকরণের লক্ষ্যে নেদারল্যান্ডসভিত্তিক প্রতিষ্ঠান ম্যাক্স সোশ্যাল এন্টারপ্রাইজের কর্মকর্তাদের সাথে সভায় উপস্থিত সিটি প্রশাসক অ্যাড. বিলকিস জাহান শিরীন-**কীর্তনখোলা**

আগৈলঝাড়ায় ছাত্রদল ও জাসাস নেতাকে হত্যায় হাসানাতের সম্পৃক্ততার প্রমাণ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আগৈলঝাড়ায় ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে বিচারবহির্ভূতভাবে হত্যার (ক্রসফায়ার) দায়ে দায়ের করা মানবতাবিরোধী অপরাধের মামলায় তৎকালীন ডিআইজি মো. হুমায়ুন কবিরের জবানবন্দি সাক্ষ্য হিসেবে গ্রহণ করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২। জবানবন্দিতে সাবেক এই ডিআইজি উল্লেখ করেছেন, বরিশাল-১ আসনের তৎকালীন সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহর রাজনৈতিক নির্দেশ ও ক্ষমতার জোরেই সাবেক পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ ওই বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ঘটিয়েছিলেন। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ প্রসিকিউশন পক্ষ এই জবানবন্দি সাক্ষ্য হিসেবে গ্রহণের আবেদন ২ এর পাতায় দেখুন

হাম ও হামের উপসর্গ নিয়ে দেশে মৃত্যু ছাড়ালো ১১০০

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে হামের উপসর্গ নিয়ে আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরে নিশ্চিত হামে ১০১ জন এবং হামের উপসর্গ নিয়ে ১ হাজার ৩ জনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে হামে ও এর উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ১০৪ জনে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ঢাকা বিভাগেই ৩ জন করে মারা গেছেন। এ সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে হাম ও উপসর্গ নিয়ে নতুন করে ১ হাজার ৩৩৯ জন রোগী এসেছে। বিভাগভিত্তিক হিসাবে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ৫১৬ জন, রাজশাহীতে ২৯, সিলেটে ২০৬, চট্টগ্রামে ২৭৯, বরিশালে ১০৭, ময়মনসিংহে ৮৬, খুলনায় ৮৯ এবং ২ এর পাতায় দেখুন

সুইসাইড নোটে বিচার চেয়ে স্কুলছাত্রীর আত্মহত্যা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ২নম্বর নদমূলা শিয়ালকাঠী ইউনিয়নের ৩নম্বর ওয়ার্ডের চিংগুরিয়া গ্রাম থেকে গতকাল মঙ্গলবার সকালে বৈদ্যুতিক ফ্যানের সাথে গলায় ওরনা পেচিয়ে ফাঁস লাগানো অবস্থায় মোসাম্মৎ মাহিরা (১৭) নামের এক স্কুল ছাত্রীর ঝুলন্ত লাশ উদ্ধার করে থানা পুলিশ। মাহিরা ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ১০ম শ্রেণির মানবিক বিভাগের শিক্ষার্থী এবং চিংগুরিয়া গ্রামের বাসিন্দা 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিষয়ক লাইব্রেরীয়ান' মো. আলমগীর হোসেনের মেঝ মেয়ে। স্থানীয়, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন সূত্রে জানা যায়,একটি প্রেমের সম্পর্ক নিয়ে সৎ মা সুমাইয়া আক্তারের সাথে দীর্ঘদিন ধরে পারিবারিক কলহ চলে আসছে। সেই পারিবারিক কলহের জের এবং সৌদি প্রবাসী প্রেমিক মো. মিরাজ ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

সামাজিক যোগাযোগ মাধ্যমে দলীয় এজেন্ডা

ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে অত্যন্ত স্বাধীনভাবে নানান গুজব ও অপপ্রচার ছড়িয়ে যাচ্ছে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের নেতাকর্মীরা। বাকস্বাধীনতা ভোগের নামে তারা যা ইচ্ছে তাই গুজব ছড়িয়ে যাচ্ছে। ফ্যাসিস্ট আওয়ামী সরকারের আমলে মালামালের আকাশচুম্বি দাম থাকলেও নির্লজ্জের মতো সে সব ভুলে গিয়ে বর্তমান সরকারের নামে বিষদগার করে দেশে অস্থিতিশিলতা তৈরির অপতৎপরতা চালাচ্ছে।

এমনকি এরা বিরোধী দলের আন্দোলনের সুযোগ নিয়ে জামায়াত কিংবা এনসিপির নাম করে বিভিন্ন অপপ্রচার চালানোরও অপকৌশল নিচ্ছে। এদের মধ্যে বর্তমানে কর্মরত অনেক সরকারি চাকরিজীবীও রয়েছে। এমনকি কোনো ব্যক্তি সরকারের কোনো ভালো কাজের বাহবা দিয়ে পোস্ট করলে তা নিজে কমেন্ট বক্সে গিয়েও আজে-বাজে মন্তব্য করা তাদের দলীয় এজেন্ডা বলে বিবেচনা করা হচ্ছে। তাই ফ্যাক্ট চেকিংয়ের মাধ্যমে অত্যন্ত দ্রুত এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

ইয়াবাসহ গ্রেফতার ছাত্রদল নেতা দল থেকে বহিষ্কার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় মাদকসহ গ্রেফতার হওয়া উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক অ্যাসেন্ট রায়কে পদ থেকে বহিষ্কার করা হয়েছে। সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে এই ব্যবস্থা নিয়েছে দল। মঙ্গলবার বরিশাল জেলা ছাত্রদলের আহ্বায়ক মো. তৌফিকুল ইসলাম ইমরান ও সদস্যসচিব মো. আল আমিন মৃধা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বহিষ্কারের তথ্য নিশ্চিত করা হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ছাত্রদলের গঠনতন্ত্র ও দলীয় শৃঙ্খলাভঙ্গের দায়ে তার বিরুদ্ধে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

১৩৫ লিটার চোলাই মদসহ পিতা-পুত্র আটক

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় মাদকবিরোধী অভিযানে ১৩৫ লিটার চোলাই মদ ও ১০ গ্রাম গাঁজাসহ পিতা-পুত্রকে আটক করেছে পুলিশ। সোমবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় উপজেলার পানপট্টি ইউনিয়নের গ্রামর্দ্দন পূর্ব পানপট্টি এলাকায় এ অভিযান চালানো হয়। গলাচিপা থানার উপপরিদর্শক (এসআই) মো. আ. হাকিমের নেতৃত্বে পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করে। আটকরা হলেন মো. আল আমিন মীর ও তার ছেলে মো. রাব্বি মীর। অভিযানে রাব্বি মীরের কাছ থেকে ১০ গ্রাম গাঁজা এবং আল আমিন মীরের বসতঘরসংলগ্ন পুকুরপাড়ের দক্ষিণ পাশ থেকে ১৩৫ লিটার চোলাই মদ উদ্ধার করা হয়। পুলিশ জানায়, আটকরা দীর্ঘদিন ধরে কাঁচামাল সংগ্রহ করে চোলাই মদ তৈরি করে খুচরা ও পাইকারি বিক্রির উদ্দেশ্যে সংরক্ষণ করে আসছিলেন। এ ঘটনায় গলাচিপা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় মামলা করা হয়েছে। গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ জানান, আটক দুজনের বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া শেষে তাদের কারাগারে পাঠানো হবে। মাদকের বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বেপরোয়া কিশোর গ্যাং

সাম্প্রতিক সময়ে দেশব্যাপী কিশোর গ্যাংয়ের যে দৌরাত্ম্য দেখা যাচ্ছে, তা অত্যন্ত উদ্বেগজনক। রাজধানী ঢাকা থেকে শুরু করে এমন কোনো শহরাঞ্চল নেই, যেখানে কিশোর গ্যাংয়ের দাপট নেই। আমাদের তিক্ত বাস্তবতা হলো এই, যে কিশোরদের বইখাতা নিয়ে স্কুল-কলেজে ব্যস্ত থাকার কথা, তারাই চুরি, ছিনতাই, মাদক, খুনখারাবির মতো ভয়ংকর অপরাধে জড়িয়ে পড়ছে। পরিস্থিতি এতটাই নাজুক যে নিরাপত্তা বাহিনীর অভিযানের মধ্যেও এসব কিশোর গ্যাংয়ের তৎপরতা বন্ধ হয়নি। খবরে বলা হয়, কিশোর অপ্রতিম হত্যাকাণ্ডের পর কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা বাহিনীর অভিযান জোরদার করা হয়েছে। বেশ কিছু স্থান থেকে সন্দেহভাজন বহু কিশোর অপরাধীকে আটকও করা হয়েছে। কিন্তু কিছুতেই তাদের দাপট নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। খবরে বলা হয়, রাজধানীতে কয়েক দিন ধরে দখলবাজি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধে কিশোর গ্যাং সদস্যদের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে। পুলিশের অভিযানে এক কুমিল্লা থেকেই অর্ধ শতাধিক সন্দেহভাজন আটক করা হয়েছে। ওই শহরে বিভিন্ন অপরাধে সক্রিয় রয়েছে অন্তত ১৫টি চক্র। বিভিন্ন গ্রুপে রয়েছে প্রধান, উপ-প্রধান। তারাই কিশোরদের দিয়ে নানা অপরাধ করায়। এদের নামধাম এরই মধ্যে পুলিশের কাছে এসেছে। অন্যদিকে মহানগরসহ চট্টগ্রাম অঞ্চলে আবারও মাথাচাড়া দিয়ে উঠছে কিশোর অপরাধীদের বিভিন্ন চক্র। আগের বড় ভাইয়েরা আত্মগোপনে থাকায় নতুন বড় ভাইদের পৃষ্ঠপোষকতায় কিশোরেরা অপরাধে জড়াচ্ছে। মারামারি, ছিনতাই, চাঁদাবাজি, এমনকি খুনাখুনিতেও তারা জড়াচ্ছে। দেশের আরেক অঞ্চল খুলনাজুড়ে দাপিয়ে বেড়াচ্ছে কমপক্ষে ১০টি চক্রের কিশোর অপরাধীরা। স্থানীয় পুলিশের তথ্য অনুযায়ী, চলতি বছরের প্রথম আট মাসে খুলনায় ৫৮টি হত্যাকাণ্ড ঘটেছে। এর মধ্যে উল্লেখযোগ্যসংখ্যক হত্যায় জড়িতদের বেশির ভাগই উঠতি বয়সের। বরিশাল বিভাগের ছয় জেলায় কিশোর অপরাধীদের কমপক্ষে ৫০টি চক্রের প্রায় দুই হাজার সদস্য রয়েছে। বিভিন্ন স্থানে প্রকাশ্যে অস্ত্রের মহড়া, ছিনতাই, সংঘর্ষের মতো অঘটন ক্যামেরাবন্দি করে তারা নিজেরাই ছড়িয়ে দেয় সামাজিক যোগাযোগ মাধ্যমে। বলা বাহুল্য, আরো খোঁজখবর নিলে এই ফিরিস্তি আরো দীর্ঘ হবে। বিশেষজ্ঞরা মনে করেন, কিশোর অপরাধ বেড়ে যাওয়ার পেছনে অনেক কারণ থাকে। পারিবারিক টানাপোড়েন, ক্ষোভ, হতাশা থেকে অনেকেই অপরাধ জগতের দিকে পা বাড়ায়। এ ছাড়া অল্প বয়সে ধূমপান, মাদকের মতো অভ্যাসও পর্যায়ক্রমে চুরি-ছিনতাইয়ের মতো অপরাধের দিকে নিয়ে যায়। এ ছাড়া এলাকায় রাজনৈতিক প্রভাব তো আছেই। পাশাপাশি কর্মসংস্থানের অভাব, শিক্ষিত-বেকার বৃদ্ধির কারণেও অনেক তরুণ হতাশাগ্রস্ত হয়ে অপরাধচক্রের ছত্রছায়ায় জায়গা করে নেয়। মনে করা হয়, সমাজে সুস্থ সংস্কৃতিচর্চার অভাবেও অপরাধীদের বাড়বাড়ন্ত হয়। দেশের আইনের শাসন নিয়েও রয়েছে প্রশ্ন। পুলিশ মাঠ পর্যায়ে কিশোরদের গ্রেপ্তার করলেও মূল পৃষ্ঠপোষকরা ধরাছোঁয়ার বাইরে থেকে যায়। গ্রেপ্তারের পর মুক্তি পেয়ে কিশোর অপরাধীদের বড় ভাইয়েরাই আবার প্রলুব্ধ করে। তাহলে অপরাধ নিয়ন্ত্রণে আসবে কী করে?

ইয়াবাসহ গ্রেফতার ছাত্রদল

এ ব্যবস্থা নেওয়া হয়েছে। বরিশাল জেলা ছাত্রদলের সদস্যসচিব মো. আল আমিন মৃধা অ্যাসেন্ট রায়ের বহিষ্কারের সত্যতা নিশ্চিত করে জানান, মাদকসংক্রান্ত ঘটনায় জড়িত থাকার অভিযোগে সাংগঠনিক পদ থেকে তাঁকে বহিষ্কার করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত রোববার রাতে গোপন সংবাদের ভিত্তিতে আগৈলঝাড়া থানা-পুলিশ জোবারপাড় এলাকায় অভিযান চালায়। এ সময় ৫ পিস ইয়াবাসহ উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক অ্যাসেন্ট রায়কে গ্রেফতার করে পুলিশ। গ্রেপ্তারের পর তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়। পরবর্তীতে সোমবার তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

দুমকিতে শেখ হাসিনার

ওয়ার্ড: মো. নাজমুল, পিতা মো. কবির, নলদোয়ানী; মো. ইফাত, পিতা মো. ইব্রাহিম খাঁ, নলদোয়ানী এবং মো. হাসান সিকদার, পাংগাশিয়া ইউনিয়ন। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া তথ্য অনুযায়ী, 'আবু সুফিয়ান সুদা' নামের একটি ফেসবুক আইডি থেকে বৃক্ষরোপণের ছবি পোস্ট করা হয়। সেখানে দাবি করা হয়, শেখ হাসিনার ৮০তম জন্মদিন উপলক্ষে দুমকি উপজেলা ছাত্রলীগের উদ্যোগে এ কর্মসূচি পালন করা হয়েছে। ওই পোস্টে আরও উল্লেখ করা হয়, দুমকি উপজেলার বাকি চারটি ইউনিয়নেও পর্যায়ক্রমে বৃক্ষরোপণ কর্মসূচি অব্যাহত থাকবে। একটি শিক্ষাপ্রতিষ্ঠান, বিশেষ করে মাদ্রাসা প্রাঙ্গণে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের ব্যানারে এ ধরনের কর্মসূচি পালনের অভিযোগে স্থানীয়দের মধ্যে আলোচনা ও উদ্বেগ তৈরি হয়েছে।

আগৈলঝাড়ায় ছাত্রদল ও জাসাস নেতাকে

করলে ট্রাইব্যুনাল তা মঞ্জুর করেন। একই দিনে মামলাটির ২৩তম সাক্ষী হিসেবে তদন্ত কর্মকর্তার সাক্ষ্য গ্রহণও সম্পন্ন হয়। তদন্ত সংস্থায় দেওয়া জবানবন্দি অনুযায়ী, ২০১৫ সালের ৯ ফেব্রুয়ারি আগৈলঝাড়ায় একটি গাড়িতে আগুন দেয়ার মামলায় এসপি এহসানউল্লাহর তদারকিতে ঢাকা ও কেরানীগঞ্জ থেকে উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার এবং উপজেলা জাসাসের সাংগঠনিক সম্পাদক কবির মোল্লাকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে ২১ ফেব্রুয়ারি দিবাগত রাতে আগৈলঝাড়া এলাকায় তাঁদের বিচারবহির্ভূতভাবে গুলি করে হত্যা করা হয়। ডিআইজি হুমায়ুন কবির তার জবানবন্দিতে জানান, ঘটনার পর আগৈলঝাড়া থানার তৎকালীন ওসি তাকে জানান যে এসপি ওই দুই আসামিকে 'ক্রসফায়ার' দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। স্থানীয় পুলিশ সদস্যরা রাজি না হওয়ায় উজিরপুর থানার পুলিশ সদস্যদের এনে এই হত্যাকাণ্ড কার্যকর করা হয় এবং এসপি নিজে থানায় গিয়ে জিডিতে নোট দেওয়ার নির্দেশ দেন। হত্যাকাণ্ডের ঘটনায় এসপির এসিআরে বিরূপ মন্তব্য লিখে পুলিশ সদর দপ্তরে পাঠানো হলেও সাবেক এমপি হাসানাত আবদুল্লাহর ক্ষমতার জোরে তিনি অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি পান এবং পুনরায় বরিশাল রেঞ্জে পদায়ন পান। মামলায় অভিযুক্ত চার আসামি হলেন-সাবেক এমপি আবুল হাসানাত আবদুল্লাহ, বরিশালের সাবেক এসপি এ কে এম এহসানউল্লাহ, উজিরপুর থানার সাবেক সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. মাহাবুল ইসলাম এবং এএসআই মো. জসিম উদ্দিন। আসামিদের মধ্যে হাসানাত আবদুল্লাহ ও সাবেক এসপি এহসানউল্লাহ পলাতক রয়েছেন। গ্রেফতারকৃত দুই পুলিশ সদস্য মাহাবুল ও জসিমকে এদিন ট্রাইব্যুনালে হাজির করা হয়। মামলার অভিযোগে বলা হয়েছে, রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী হওয়ায় টিপু হাওলাদার ও কবির মোল্লাকে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফুফাত ভাই আবুল হাসানাত আবদুল্লাহ রাষ্ট্রীয় ক্ষমতার অপব্যবহার করেন। তাঁরই পরিকল্পনা ও ষড়যন্ত্রে ২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি রাতে অধস্তন পুলিশ সদস্যদের দিয়ে দুই রাজনৈতিক নেতাকে ঠান্ডা মাথায় গুলি করে হত্যা করা হয়।

হাম ও হামের উপসর্গ

রংপুরে ২৭ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে মোট ১ লাখ ৬৮ হাজার ৬৫৫ জন রোগী ভর্তি হয়েছে। তাদের মধ্যে ১ লাখ ৬১ হাজার ৭৯৮ জন চিকিৎসা নিয়ে হাসপাতাল ছেড়েছে।

গত ১৫ মার্চ থেকে দেশে সন্দেহজনক হামের রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৯০ হাজার ৫৫০ জনে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছেন ২১ হাজার ৩৯২ জন।

সুইসাইড নোটে বিচার চেয়ে

বেপারী হঠাৎ করে যোগাযোগ বন্ধ করে দেয়ার কারনে এ ঘটনা ঘটতে পারে বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে। সৎ মা সুমাইয়া আক্তার জানান, প্রতিদিনের মত সোমবার(২৮সেপ্টেম্বর)রাতে মাহিরা রাতের খাবার শেষ করে ৮০ওর্ধ দাদি আছিরন বেগমের সাথে ঘুমাতে যায়। রাত ১২টরি দিকে বিদ্যুৎ না থাকায় সৎ মা সুমাইয়া আক্তার মেয়েকে ফোন টিপতে নিষেধ করে ঘুমাতে বলে আসে। এবং ঐ সময় দরজার বাইরে থেকে সিটকানি লাগিয়ে আসে। গতকাল সকাল আনুমানিক ছয়টার দিকে মেয়েকে ডাকাডাকি করে না পেয়ে দাদি আছিরন বেগম কে জিজ্ঞেস করেন মাহিরা কৈ। জবাবে দাদি নাকি বলেন সে (মাহিরা) বাথরুমে গেছে। এসময় বাথরুমে না পেয়ে সেখান বের হওয়ার সময় হঠাৎ তার চোখে পড়ে মাহিরা গলায় ওরনা পেচানো অবস্থায় ফ্যানের সাথে ঝুলে আছে। কে বা কাদের কাছ থেকে খবর পেয়ে থানা পুলিশ সকাল আনুমানিক সারে নয়টার দিকে মাহিরার ঝুলন্ত লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসেন বলেও জানান সুমাইয়া আক্তার। তিনি (সুমাইয়া) আরো জানান,মাহিরার সহপাঠি লামিলার এক ফুফাতো ভাই পার্শবর্তী ভিটাবাড়িয়া ইউনিয়নের সৌদি প্রবাসী লোকমান গাজীর ভাইগ্না সৌদি প্রবাসী মো. মিরাজ গাজীর সাথে প্রায় দুই বছর পূর্বে থেকে প্রেমের সম্পর্ক ছিল। সে বিষয়ে আমি(সুমাইয়া) লামিলার মাকে ফোন করে আমার মেয়ের সাথে মিরাজের যোগাযোগ বিচ্ছিন্ন করার জন্য বলি। এবং মাহিরার বাবাকে এখবর জানালে তিনি আমাকে বলেন, যদি কথা না শোনে তা হলে আর বাধাঁ দিওনা। যদি চলে যায় যাক! এমনটিন দাবি সুমাইয়ার। লামলির মাকে ফোন করার খবর যেনে মাহিরা আমাকে উচ্চবাচ্য বলে। এবং মিরাজও গেল বছরের ডিসেম্বর মাসের পর থেকে যোগাযোগ কমিয়ে ফেলায়ও রাগ ছিল মাহিরার। মেয়ের বয়স কম। তার ভাল মন্দ দেখার দ্বায়িত্ব তো মায়ের এবং পরিবারের থাকে বলেও জানান সুমাইয়া। গতকাল দুপুরে স্থানীয় সাংবাদিকরা মাহিরার স্কুলে গেলে তার ঘণিষ্ঠ সহপাঠি লামিলা ক্লাসে না আসায় তার অন্যসহপাঠি এবং শিক্ষক জানান, মাহিরার সাথে তার সৎ মায়ের সাথে দীর্ঘদিন ধরে বুনিবনা কম ছিল এবং প্রায়ই পরিবারের মধ্যে অশান্তি ছিল। এদিকে মাহিরার লাশ উদ্ধারের পর তার পড়ার টেবিলের উপর একটি খাকায় একটি একটি চিরকুট পায় পুলিশ প্রশাসন। ঐ চিরকুটে **'আমার মৃত্যুর জন্য দায়ী আমার চাচাতো ভাই তার বন্ধু মিরাজ আর লমিলা, আমি তাদের বিচার চাই'**বলে লেখা রয়েছে। এদিকে মেয়ের মৃত্যুর খবর পেয়ে বাবা আলমগীর বাড়িতে আসেন। বাবা আলমগীরের সাথে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোনে মৃত্যুর খবরের সত্যতা নিশ্চিত করে বলেন,আমি এখন গাড়িতে। এ ব্যাপারে ভাণ্ডারিয়া থানার অফিসার্স ইন চার্জ(ওসি) দেওয়ান জগলুল হাসান জানান, ময়না তদন্তের জন্য লাশ জেলা মর্গে প্রেরণ করা হয়েছে। এবং আত্মহত্যার প্ররোচনায় একটি মামলা দায়ের করা হয়েছে।

একনেকে ১৫ হাজার ৮২৩ কোটি

সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২টি প্রকল্প–'ইন্টিগ্রেটেড হেলথ সিস্টেম রেসপন্স টু ফাইট এগেইনস্ট টিবি, এইচআইভি/এইডস অ্যান্ড ম্যালেরিয়া ইন বাংলাদেশ' এবং 'পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন, পটুয়াখালী (১ম সংশোধিত)'। অর্থ মন্ত্রণালয়ের 'ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-২ (এফএসএসপি-২)'। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের 'চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগে বিদ্যমান শারীরিক প্রতিবন্ধী প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন ও সম্প্রসারণ এবং মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান রৌফাবাদ, চট্টগ্রাম-এ হোস্টেল ভবন সম্প্রসারণ ও সক্ষমতা' প্রকল্প। পানিসম্পদ মন্ত্রণালয়ের ২টি প্রকল্প–'মুসাপুর রেগুলেটর নির্মাণসহ ছোট ফেনী এবং বামনী নদী অববাহিকায় সমন্বিত বন্যা ও নদী ব্যবস্থাপনা এবং নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (অংশ-১)' এবং 'মেঘনা নদীর ভাঙন হতে ভোলা সদর ও দৌলতখান উপজেলাধীন শিবপুর, ধনিয়া ও মেদুয়া এলাকা রক্ষা' প্রকল্প। ভূমি মন্ত্রণালয়ের 'ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপের মাধ্যমে ৩টি সিটি করপোরেশন, ১টি পৌরসভা এবং ২টি গ্রামীণ উপজেলায় ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)'। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২টি প্রকল্প–'রংপুর বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ প্রকল্প' এবং 'মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩য় সংশোধন)'। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের 'হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) (৩য় সংশোধন)'। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'র‌্যাব (এসআরবি)-এর কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় সংশোধিত)'। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের ২টি প্রকল্প–'ফেনী জেলার সোনাগাজীতে সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ' এবং 'তিনটি পার্বত্য জেলায় বিদ্যুৎ নেটওয়ার্ক সম্প্রসারণ'। সভায় পরিকল্পনামন্ত্রী কর্তৃক ইতোমধ্যে অনুমোদিত ৫০ কোটি টাকার কম ব্যয়সংবলিত ১৫টি প্রকল্প সম্পর্কেও একনেককে অবহিত করা হয়। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ড. আবদুল মঈন খান, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ, মহিলা ও সমাজকল্যাণমন্ত্রী আবু জাফর মো. জাহিদ হোসেন, ভূমিমন্ত্রী মো. মিজানুর রহমান মিনু, শিল্প, বস্ত্র ও বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, পানিসম্পদমন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন, সড়ক পরিবহন ও সেতু এবং রেলপথ মন্ত্রী শেখ রবিউল আলম, পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকি, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমানসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তারা সভায় অংশ নেন।

সুবিধাভোগী বাছাইয়ে রাজনৈতিক

করতে হবে। ফ্যামিলি কার্ডের বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, ফ্যামিলি কার্ডের সম্ভাব্য সুবিধাভোগীদের ডেটাবেইস তৈরি করা হবে। পর্যায়ক্রমে সবাইকে এই কার্ডের আওতায় আনা সরকারের লক্ষ্য। এ ক্ষেত্রে কোনো রাজনৈতিক বিবেচনা করা হবে না। এখন পর্যন্ত ফ্যামিলি কার্ড দেওয়ার বিষয়ে রাজনৈতিকভাবে চিন্তা করা হয়নি। এই ধারা ধরে রাখার বিষয়ে পরামর্শ দিয়েছে কমিটি। ফ্যামিলি কার্ড পাইলট প্রকল্পের অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়, এ পর্যন্ত ৫২টি জেলার ৫৪ উপজেলার ৫৬টি ওয়ার্ডে কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। কমিটির সভাপতি মো. শাহজাহানের সভাপতিত্বে বৈঠকে আরও অংশ নেন কমিটির সদস্য ও সমাজকল্যাণমন্ত্রী আবু জাফর মো. জাহিদ হোসেন, প্রতিমন্ত্রী ফারজানা শারমিন, সরওয়ার জামাল নিজাম, মোহাম্মদ সালমান ওমর, আরিফা সুলতানা, নিপুণ রায় চৌধুরী ও মো. মজিবুর রহমান। সংসদ সচিবালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে বলা হয়, স্বাগত বক্তব্যে কমিটির সভাপতি প্রান্তিক পর্যায়ের মানুষের জীবনমান উন্নয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও স্থায়ী কমিটিকে সহযোগিতার ভিত্তিতে একসঙ্গে কাজ করার আহ্বান জানান। সমাজকল্যাণমন্ত্রী বলেন, দলীয় দৃষ্টিভঙ্গিতে নয়, সর্বজনীনভাবে সবার কল্যাণের মনোভাব নিয়ে সবাই একত্রে এই মন্ত্রণালয়ের উন্নয়নে কাজ করতে চান। প্রতিমন্ত্রী ফারজানা শারমিন সমন্বিত ও যুগোপযোগী কার্যক্রম নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। কমিটির সদস্য মো. মজিবুর রহমান সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা পর্যায়ের কার্যক্রমে স্থানীয় সংসদ সদস্যদের সম্পৃক্ত করে কাজ করার আহ্বান জানান।

২২ অক্টোবরও ছুটি দুর্গাপূজায়

ছুটি নির্ধারিত আছে। পূজার ছুটির পর একদিন অফিস খোলা থাকবে, এরপর আবার দুদিন সাপ্তাহিক ছুটি। ফলে পূজার ছুটি ও সাপ্তাহিক ছুটির মধ্যে কর্মদিবসটিতেও ছুটি ঘোষণা করবে সরকার। খোলা থাকা দিনটিতে নির্বাহী আদেশে ছুটি ঘোষণা করলে দুর্গাপূজা উপলক্ষে এবছর টানা পাঁচদিনের ছুটি পাবেন সরকারি কর্মকর্তা-কর্মচারীরা। ২০২৬ সালের সরকারি ছুটির তালিকা অনুযায়ী আগামী ২০ অক্টোবর (মঙ্গলবার) মহানবমী উপলক্ষে নির্বাহী আদেশে ছুটি থাকবে এবং ২১ অক্টোবর (বুধবার) বিজয়া দশমী উপলক্ষে সাধারণ ছুটি থাকবে। এরপর ২২ অক্টোবর (বৃহস্পতিবার) অফিস খোলা। পরের দুদিন শুক্র ও শনিবার (২৩ ও ২৪ অক্টোবর) সাপ্তাহিক ছুটি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানিয়েছেন, ২২ অক্টোবর নির্বাহী আদেশের ছুটি ঘোষণা করার প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে। আগামী মন্ত্রিসভা বৈঠকে এ সংক্রান্ত প্রস্তাব উত্থাপন করা হবে। সেখানে এটি অনুমোদিত হলে ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হবে। একই সঙ্গে তিনি আরও জানান, ২২ অক্টোবরের ছুটির পরিবর্তে পরবর্তী একটি ছুটির দিনে (শনিবার) অফিস করবেন সরকারি কর্মকর্তা কর্মচারীরা। এভাবেই প্রস্তাব তৈরি করা হচ্ছে। তবে এ বিষয়ে চূড়ান্ত অনুমোদন দেবে মন্ত্রিসভা। ২২ অক্টোবর ছুটি ঘোষণা হলে সরকারি চাকরিজীবীরা ২০ থেকে ২৪ অক্টোবর পর্যন্ত টানা পাঁচদিন ছুটি ভোগ করবেন।

সব অপরাধের পেছনে সরকারদলীয়

সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, সরকারের ওপরের স্তর থেকে সংকেত পাওয়ার কারণেই সন্ত্রাসীরা সুযোগ পাচ্ছে। অপরাধের সঙ্গে জড়িত সরকারদলীয় লোকজনের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে বিরোধী দলের ওপর দায় চাপানো হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। রাজধানীর মগবাজারে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে এক জরুরি ব্রিফিংয়ে এসব কথা বলেন মিয়া গোলাম পরওয়ার। গোলাম পরওয়ার বলেন, সব অপরাধের পেছনে মদদ দিচ্ছেন সরকারদলীয় নেতা-কর্মী ও মন্ত্রীরা। সন্ত্রাসীরা সুযোগ পাচ্ছে সরকারের ওপর লেভেল থেকে সিগন্যাল পাওয়ার কারণে। সরকার অপরাধের সঙ্গে জড়িত নিজের দলের লোকদের কথা বলে না, বিরোধী দলের ওপর চাপাতে চায়। মিয়া গোলাম পরওয়ার আরও বলেন, এমতাবস্থায় আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতির কোনো সম্ভাবনা নেই, কারণ, বেড়ায় খেত খাচ্ছে। অবিলম্বে সন্ত্রাসীদের নিবৃত্ত করে গ্রেফতার ও শাস্তির আওতায় আনার দাবি জানান তিনি। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রসঙ্গে জামায়াতের এ নেতা বলেন, সরকারের সাত মাসে পরিস্থিতির চরম অবনতি হয়েছে। প্রতিটি রাজনৈতিক দল ও সুশীল সমাজ এ নিয়ে উদ্বেগ প্রকাশ করছে। জনগণ ধীরে ধীরে সরকারের ওপর আস্থা হারাচ্ছে বলেও দাবি করেন তিনি। দেশের বিভিন্ন স্থানে হামলা, ভাঙচুর ও চাঁদাবাজির প্রসঙ্গ তুলে জামায়াতের এ নেতা মিরপুরের রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রে হামলা, ভাঙচুর ও লুটপাট এবং ইসিবি এলাকায় কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের স্টুডিওতে হামলার ঘটনা উল্লেখ করেন। এসব ঘটনায় সরকারদলীয় লোকজনের ইন্ধন রয়েছে বলে অভিযোগ করেন তিনি। গ্রামাঞ্চলের বিভিন্ন বিষয় নিয়েও সরকারের সমালোচনা করেন গোলাম পরওয়ার। তাঁর দাবি, সার ডিলার, ইমাম-খতিবের ভাতা, কৃষক-ফ্যামিলি কার্ড বিতরণ, তালিকা তৈরিসহ বিভিন্ন ইস্যুতে নিজেদের মধ্যে মারামারি ও গন্ডগোল হচ্ছে। সার বিতরণ নিয়ে ইউএনও কার্যালয়ে হামলার ঘটনাও ঘটছে বলে উল্লেখ করেন তিনি। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ নিয়েও অভিযোগ করেন পরওয়ার। তাঁর দাবি, ভেরিফিকেশনের নামে একটি শ্রেণিকে নিয়োগপত্র দেওয়া হচ্ছে না এবং বেছে বেছে যুবদল ও ছাত্রদল করা ব্যক্তিদের নিয়োগ দেওয়া হচ্ছে। আগামী নির্বাচনে পোলিং ও প্রিসাইডিং কর্মকর্তা হিসেবে বিএনপির লোকদের নিয়োগ দেওয়ার উদ্দেশ্যেই এমনটি করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। সংরক্ষিত নারী সংসদ সদস্যদের (এমপি) নিয়েও অভিযোগ করেন গোলাম পরওয়ার। তিনি বলেন, মহিলা এমপিদেরও দলীয়করণে যুক্ত করা হচ্ছে। নির্বাচিত এমপিদের ওপর অনির্বাচিত সংরক্ষিত মহিলা এমপিদের খবরদারি করার দায়িত্ব দেওয়া হয়েছে। উন্নয়ন কর্মকাণ্ডে নির্বাচিত এমপিদের ডিও লেটার খারিজ করে সংরক্ষিত মহিলা এমপিদের ডিও লেটার দিয়ে বরাদ্দ দেওয়া হচ্ছে, যা অতীতে ছিল না। মহিলা এমপির ইন্ধনে ও মদদে দেশজুড়ে সন্ত্রাসী, চাঁদাবাজি, হামলা ও ভাঙচুর হচ্ছে। গোলাম পরওয়ার বলেন, রাজধানীতে মানুষের জীবন ও সম্পদ নিরাপদ নয়। একইভাবে সারা দেশের মানুষ নিরাপত্তাহীন অবস্থায় রয়েছে। দ্রব্যমূল্য, সার, গ্যাস ও বিদ্যুৎ-সংকটসহ বিভিন্ন বিষয়ে সরকারের ব্যর্থতা আড়াল করতে দেশজুড়ে বিশৃঙ্খলা তৈরি করে জনগণের দৃষ্টি অন্যদিকে নেওয়া হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

তত্ত্বাবধায়ক সরকারের রূপরেখা

সংবিধান সংশোধন সংক্রান্ত বিশেষ কমিটির সভাপতি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সংবিধান সংশোধন সংক্রান্ত বিশেষ কমিটির চতুর্থ বৈঠক শেষে জাতীয় সংসদের মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। সালাহউদ্দিন আহমদ বলেন, তত্ত্বাবধায়ক সরকার পদ্ধতি, গঠন প্রক্রিয়া ও রূপরেখা নিয়ে একটি উন্মুক্ত আলোচনার প্রয়োজন রয়েছে। সুশীল সমাজসহ সংশ্লিষ্ট সকল পক্ষ থেকে এ সংক্রান্ত লিখিত প্রস্তাব ও গঠনমূলক পরামর্শ আহ্বান করে তিনি বলেন, উত্থাপিত প্রস্তাবগুলোর মধ্যে যেটি জাতির জন্য সবচেয়ে উপযুক্ত বিবেচিত হবে, জাতীয় সংসদে পর্যালোচনার পর সেটিকে আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হবে। তিনি বলেন, এ যাবৎকাল পর্যন্ত তত্ত্বাবধায়ক সরকার গঠনের প্রক্রিয়া ও ধাপগুলো নিয়ে সুনির্দিষ্ট কোনো চূড়ান্ত সিদ্ধান্তে আসা সম্ভব হয়নি। জুলাই জাতীয় সনদে এ সংক্রান্ত কিছু স্পষ্ট প্রস্তাবনার পাশাপাশি কিছু ক্ষেত্রে 'নোট অব ডিসেন্ট' বা ভিন্নমতও পরিলক্ষিত হয়েছে। প্রথম, দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ– কোন ধাপে কীভাবে এই সরকার কাঠামো রূপ পাবে, সে বিষয়ে বহুমুখী বিকল্প উন্মুক্ত রাখা হয়েছে। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, সংসদে ও সংসদের বাইরে সর্বজনীন আলোচনার মাধ্যমে একটি সর্বসম্মত কাঠামোর দিকে পৌঁছানো সম্ভব হবে। মন্ত্রী জানান, সংবিধান সম্পর্কিত এই বিশেষ কমিটির চতুর্থ বৈঠকে গণমাধ্যম সেক্টরের একটি বিস্তৃত প্রতিনিধি দলের সুচিন্তিত মতামত গ্রহণ করা হয়। এতে ইলেকট্রনিক মিডিয়া, টেলিভিশন চ্যানেল, অনলাইন নিউজ পোর্টাল, সংবাদ সংস্থা ও বার্তা ব্যবস্থাপনার দায়িত্বে থাকা ব্যক্তিরা অংশ নেন। এর পূর্বে গত রবিবার সম্পাদক ও জ্যেষ্ঠ সাংবাদিকদের মতামত শুনলেও দীর্ঘ আলোচনার পর্যাপ্ত সময় নিশ্চিত করতে দুই ধাপে এই গণমাধ্যম মতবিনিময় পর্বের আয়োজন করা হয়। অংশগ্রহণকারী মিডিয়া ব্যক্তিত্বদের কাছ থেকে ইতোমধ্যে বেশ কিছু মূল্যবান পরামর্শ জমা পড়েছে এবং বাকিদের তাদের লিখিত প্রস্তাব অতি দ্রুত জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। তিনি বলেন, শুধুমাত্র গণমাধ্যমের মধ্যেই আলোচনা সীমাবদ্ধ না রেখে পর্যায়ক্রমে সমাজের সর্বস্তরের সামাজিক শক্তির সঙ্গে বসার পরিকল্পনা গ্রহণ করেছে বিশেষ কমিটি। বিশিষ্টজন, সংবিধান বিশেষজ্ঞ, আইনজীবী, শিক্ষাবিদ, সাবেক ও বর্তমান বিচারকদের পাশাপাশি গত ১৭ বছর রাজনৈতিক ও সামাজিকভাবে বঞ্চনা ও নিপীড়নের শিকার হওয়া ভুক্তভোগী পরিবারগুলোর সঙ্গে আলোচনা করা হবে। এর পাশাপাশি জুলাই গণঅভ্যুত্থানের তরুণ অংশীদার ও শহীদ পরিবারের প্রতিনিধিদের কাছ থেকেও সরাসরি পরামর্শ সংগৃহীত হবে। সবশেষে অর্জিত অভিজ্ঞতার ভিত্তিতে দেশের শীর্ষ সংবিধান বিশেষজ্ঞদের সঙ্গে বিশদ পর্যালোচনার পর কমিটি তাদের চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত করবে। সংবাদ সম্মেলনে দ্বিকক্ষবিশিষ্ট পার্লামেন্টের প্রাসঙ্গিকতা নিয়েও গণমাধ্যম প্রতিনিধিদের উত্থাপিত পর্যালোচনার কথা তুলে ধরা হয়। বাংলাদেশের মতো এককেন্দ্রিক বা ইউনিটারি রাষ্ট্রে দ্বিকক্ষবিশিষ্ট সংসদ গঠনের যৌক্তিকতা নিয়ে মতভেদ তৈরি হলেও সালাহউদ্দিন আহমদ উল্লেখ করেন যে, জুলাই জাতীয় সনদের ঐক্যমত্যকে শ্রদ্ধা জানিয়ে তারা দ্বিকক্ষবিশিষ্ট সংসদের পথেই অগ্রসর হতে চান। তবে আইনসভা বা সরকারি দল এ বিষয়ে ভিন্ন কোনো উপযুক্ত সংশোধন আনলে সেটিও সংসদীয় প্রক্রিয়ায় বিবেচনার সুযোগ থাকবে। বৈঠকে এর পাশাপাশি বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা বিধান, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এবং বিচারব্যবস্থাকে সম্পূর্ণ প্রভাবমুক্ত রাখার বিষয়গুলো প্রাধান্য পায়। সংবিধান সংশোধন প্রক্রিয়ায় কোনো রাজনৈতিক পক্ষকে বাদ দেওয়া হবে না উল্লেখ করে বিরোধী দলকে আলোচনায় অংশগ্রহণের জোর আহ্বান জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি জানান, সংবিধান সংশোধন কমিটিতে নাম অন্তর্ভুক্ত করে সকল পক্ষ যাতে সক্রিয় সংলাপে অংশ নেয়, সে বিষয়ে সবার সহযোগিতা কামনা করা হচ্ছে। মূলত একটি পূর্ণাঙ্গ অন্তর্ভুক্তিমূলক বা ইনক্লুসিভ সংশোধন আইন উপহার দেওয়াই এই উদ্যোগের মূল লক্ষ্য। বিএনপির পক্ষ থেকে উত্থাপিত 'একক ব্যক্তি সর্বোচ্চ ১০ বছর বা দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী পদে থাকতে পারবেন না'–সংক্রান্ত নীতিগত প্রস্তাবের ওপর ভিত্তি করে গঠিত অবস্থানের কথা পুনর্ব্যক্ত করে তিনি স্পষ্ট করেন, ব্যক্তিকেন্দ্রিক শাসন রোধে তাদের অবস্থান অনড় হলেও সংসদে সকল বিকল্প রাজনৈতিক প্রস্তাব আলোচনার জন্য উন্মুক্ত রাখা হবে।

একই দাগে সরকারি ও ব্যক্তিমালিকানাধীন

করে ব্যক্তিমালিকানাধীন অংশের নামজারি ও ভূমি উন্নয়ন কর আদায়ের নির্দেশ দিয়েছে ভূমি মন্ত্রণালয়। এ বিষয়ে সোমবার (২৮ সেপ্টেম্বর) ভূমি মন্ত্রণালয় থেকে পরিপত্র জারি করা হয়েছে। এতে বলা হয়েছে, এ ধরনের ক্ষেত্রে ব্যক্তিমালিকানাধীন জমির নামজারি আবেদন গ্রহণ, অনুমোদন ও ভূমি উন্নয়ন কর আদায় না করার বিষয়টি কোনোভাবেই কাম্য নয়। পরিপত্রে বলা হয়, এক বা একাধিক দাগে খাস বা সরকারি স্বার্থসংশ্লিষ্ট ভূমি এবং ব্যক্তিমালিকানাধীন ভূমি একত্রে থাকলে সহকারী কমিশনার (ভূমি) তা পৃথকভাবে চিহ্নিত করার ব্যবস্থা করবেন। এজন্য সাবেক ও হাল রেকর্ড, দাগসূচি, মৌজা ম্যাপ, মালিকানার ধারাবাহিকতা এবং সংশ্লিষ্ট মালিকদের দলিলাদি পর্যালোচনা করতে হবে। পৃথকীকরণ অবশ্যই সরেজমিনে ও বাস্তবভিত্তিক হতে হবে। নামজারি আবেদনের পর সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বা ভূমি উপসহকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দেবেন। এরপর সহকারী কমিশনার (ভূমি) তার আওতাধীন কানুনগো বা সার্ভেয়ারকে দিয়ে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগুলোর উপস্থিতিতে সরেজমিনে তদন্ত করাবেন। এ সময় সরকারি স্বার্থসংশ্লিষ্ট ও ব্যক্তিমালিকানাধীন ভূমি আলাদাভাবে চিহ্নিত করে যৌথ স্বাক্ষরিত খণ্ড নকশা প্রস্তুত করতে হবে। প্রয়োজনে শুনানি গ্রহণ এবং সংশ্লিষ্ট রেকর্ড ও দলিলাদি পর্যালোচনা করে ব্যক্তিমালিকানাধীন ভূমির নামজারি অনুমোদন ও ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে। পরিপত্রে বলা হয়েছে, নামজারি আবেদনের পরিপ্রেক্ষিতে ভূমি পৃথক করা হলে এজন্য আলাদা বিবিধ কেস নথি সৃজনের প্রয়োজন হবে না। এ কার্যক্রম নামজারি প্রক্রিয়ার অংশ হিসেবেই সম্পন্ন হবে। তবে নামজারি ছাড়া সরকারি স্বার্থে বা সংশ্লিষ্ট ভূমি মালিকের আবেদনের পরিপ্রেক্ষিতে পৃথকীকরণের প্রয়োজন হলে আলাদা বিবিধ কেস নথি সৃজন করতে হবে। ব্যক্তিমালিকানাধীন অংশের জন্য করা নামজারি শুধু তফসিলে বর্ণিত ওই অংশের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট দাগ ও খতিয়ানের অবশিষ্ট খাস বা সরকারি স্বার্থসংশ্লিষ্ট জমির ওপর নামজারির মাধ্যমে সৃষ্ট খতিয়ানের মালিক বা মালিকদের কোনো স্বত্ব, মালিকানা, দখল বা অন্য কোনো আইনগত অধিকার সৃষ্টি হবে না। পরিপত্রে আরও বলা হয়েছে, সরকারি স্বার্থসংশ্লিষ্ট অংশ নামজারির আওতাবহির্ভূত থাকবে। একই সঙ্গে সংশ্লিষ্ট দাগের জমির মধ্যে সরকারি স্বার্থসংশ্লিষ্ট অংশ রয়েছে উল্লেখ করে ব্যক্তিমালিকানাধীন অংশের নামজারি অনুমোদন করা হলে বিষয়টি সৃজিত খতিয়ানের মন্তব্য কলামে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়া সরকারি স্বার্থসংশ্লিষ্ট ভূমি নিয়ে আদালতে মামলা বিচারাধীন থাকলে বা আদালতের কোনো রায় বা আদেশ থাকলে তা বিবেচনা করে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। আদালতের আদেশে কোনো স্বত্ব নির্ধারিত হলে উপযুক্ত কর্তৃপক্ষের এখতিয়ার ও প্রচলিত আইন অনুযায়ী তা বাস্তবায়ন করতে হবে। নির্দেশনা বাস্তবায়নে ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের সিস্টেমে প্রয়োজনীয় পরিবর্তন বা নতুন ফিচার (সুবিধা) সংযোজনের ব্যবস্থা করতে প্রকল্প পরিচালককে নির্দেশ দেওয়া হয়েছে।

চিকিৎসক সংকটে ধুঁকছে

মেডিকেল কলেজ হাসপাতালেও চিকিৎসক সংকট প্রকট। ১ হাজার শয্যার এই হাসপাতালে প্রতিদিন গড়ে ২ হাজারের বেশি রোগী আন্তঃবিভাগে এবং আরও ২ হাজারের বেশি রোগী বহির্বিভাগে চিকিৎসা নেন। এত বিপুলসংখ্যক রোগীর বিপরীতে হাসপাতালটিতে চিকিৎসকের অনুমোদিত পদ রয়েছে ৫৭১টি। এর মধ্যে ২৪০টি পদই শূন্য। বিশেষজ্ঞ চিকিৎসকের ২৪৮টি পদের মধ্যে ১৪৬টি এবং সাধারণ চিকিৎসকের ৩২৩টি পদের মধ্যে ৯৪টি পদ শূন্য রয়েছে। হাসপাতালটির সহকারী পরিচালক (প্রশাসন) ডা. মোহাম্মদ মাহামুদ হাসান বলেন, চিকিৎসক সংকটের কারণে রোগীদের সেবা দিতে প্রতিনিয়ত বেগ পেতে হচ্ছে। এতে সেবার মানও ব্যাহত হচ্ছে। হাসপাতালে যে পরিমাণ রোগী চিকিৎসা নেন, সেই তুলনায় চিকিৎসক নেই। তারপরও বিদ্যমান জনবল দিয়ে সর্বোচ্চ সেবা নিশ্চিতের চেষ্টা করা হচ্ছে। চিকিৎসক সংকটের বিষয়টি মন্ত্রণালয়কে জানানো হয়েছে।

২৮ দিনে এলো ৩১ হাজার ১৩১ কোটি টাকার প্রবাসী আয়

কীর্তনখোলা ডেস্ক

চলতি (সেপ্টেম্বর) মাসের ২৮ দিনে দেশে মোট ২৫৩ কোটি ২০ লাখ (২.৫৩ বিলিয়ন) মার্কিন ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে। বাংলাদেশি মুদ্রায় (প্রতি ডলার ১২৩ টাকা ধরে) এর পরিমাণ ৩১ হাজার ১৩১ কোটি ৩০ লাখ টাকা। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। বাংলাদেশ ব্যাংকের তথ্য মতে, এই ২৯ দিনে মোট ২৫৩ কোটি ২০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসীরা যা আগের বছর একই সময়ের চেয়ে ৬ কোটি ৬০ লাখ ডলার (২ দশমিক ৭০ শতাংশ) বেশি। আগের অর্থবছরে একই সময়ে এসেছিল ২৪৬ কোটি ৫০ লাখ ডলার। এদিকে, চলতি অর্থবছরের ১ জুলাই থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত দেশে ৭৩৫ কোটি ৭০ লাখ ডলার রেমিট্যান্স এসেছে, যা গত অর্থবছরের একই সময়ে ছিল ৬৩৬ কোটি ৫০ লাখ ডলার। আগের বছরের তুলনায় চলতি অর্থবছরের একই সময়ে রেমিট্যান্স বেড়েছে ১৩ দশমিক ৫০ শতাংশ। এর আগে চলতি অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে রেমিট্যান্স আসার পরিমাণ ছিল ২৮৫ কোটি ৮৭ লাখ ৬০ হাজার ডলার। পরের মাস আগস্টে আসে ২৯৬ কোটি ৬৬ লাখ ৮০ হাজার ডলার। ২০২৫-২৬ অর্থবছরের পুরো সময়ে রেমিট্যান্স এসেছিল ৩৫ দশমিক ৫৮ বিলিয়ন ডলার, যা ২০২৪-২৫ অর্থবছরের ছিল ৩০ দশমিক ৩২ বিলিয়ন ডলার।

সাবেক এমপির বাসা থেকে আটক নিষিদ্ধ

ফারুক, আব্দুল্লাহ আল আমান, সোহানুর হোসেন শাহিন, মো. হাসিব, ফারজানা ও হাসিব মিয়া। এদিন পুলিশ তাদের আদালতে হাজির করে সাত দিনের রিমান্ডের আবেদন করে। মামলার তদন্তকারী কর্মকর্তা ও উত্তরা পশ্চিম থানার উপপরিদর্শক ইকবাল হোসেন এ আবেদন করেন। রিমান্ড আবেদনের ওপর শুনানিতে রাষ্ট্রপক্ষে আইনজীবী মুহাম্মদ শামসুদ্দোহা সুমন রিমান্ডের পক্ষে যুক্তি দেন। অন্যদিকে আসামিদের পক্ষে আইনজীবী মোরশেদ হোসেন শাহিন রিমান্ড বাতিলের পাশাপাশি তাদের জামিনের আবেদন করেন। উভয়পক্ষের বক্তব্য শুনে আদালত জামিনের আবেদন নাকচ করে রিমান্ডের আদেশ দেন। মামলার এজাহারে বলা হয়, ২৮ সেপ্টেম্বর বিকেল ৫টার পর উত্তরা পশ্চিম থানার ৭ নম্বর সেক্টরে সাবেক এমপি শওকত হাসানুর রহমান রিমনের বাসায় পুলিশ অভিযান চালায়। সেখানে নিষিদ্ধ ছাত্রলীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা জড়ো হয়ে রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড ও নাশকতার প্রস্তুতি নিচ্ছিলেন বলে অভিযোগ করা হয়েছে। পুলিশের দাবি, অভিযানের সময় ওই বাসা থেকে ১৫ জনকে আটক করা হয়। এ সময় আরও ২০ থেকে ২২ জন অজ্ঞাতপরিচয় ব্যক্তি সেখান থেকে পালিয়ে যান। অভিযানে বাসার একটি কক্ষের টেবিলের ড্রয়ার থেকে ২০ পাতার একটি নথি উদ্ধারের কথাও মামলায় উল্লেখ করা হয়েছে। এতে স্বেচ্ছাসেবক লীগের বরগুনার পাথরঘাটা উপজেলার কাকচিরা ইউনিয়ন কমিটির পদপ্রার্থী ২০ জনের নাম ও জীবনবৃত্তান্ত ছিল বলে এজাহারে বলা হয়েছে। জিজ্ঞাসাবাদে আটক ব্যক্তিরা নিজেদের উত্তরা পশ্চিম থানা ছাত্রলীগের সদস্য হিসেবে পরিচয় দিয়েছেন বলেও মামলার বিবরণে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় উত্তরা পশ্চিম থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করা হয়েছে।

আওয়ামী লীগ ও ছাত্রলীগের

প্রস্তুতি নেওয়ার অভিযোগে সিক্ত সমাদ্দারকে দৈহারী এলাকা থেকে গ্রেফতার করা হয়। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী হাসান বলেন, 'মোহাম্মাদ সেলিম তালুকদারকে বিস্ফোরক দ্রব্য আইনের মামলায় এবং সিক্ত সমাদ্দারকে মিছিলের প্রস্তুতিকালে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।'

আওয়ামী লীগের বিরুদ্ধে নাশকতার

৩টার দিকে পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের ভরপাশা গ্রামে জনসাধারণের ক্ষতি ও আতঙ্ক সৃষ্টির উদ্দেশ্যে আসামিরা ঝটিকা মিছিলের প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় পুলিশ অভিযান চালিয়ে যুবলীগ নেতা বজলুল হাওলাদারকে গ্রেফতার করে। মামলায় নাম উল্লেখ করা ১৯ আসামির তালিকায় ৬ নম্বরে রয়েছেন মো. আনোয়ার হোসেন খান। তিনি পার্শ্ববর্তী মির্জাগঞ্জ উপজেলার কাঁঠালতলী গ্রামের নুর মোহাম্মদ খানের ছেলে। তিনি মাধবখালী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি। মামলায় আসামি হওয়ার বিষয়ে মো. আনোয়ার হোসেন খান বলেন, 'পূর্বশত্রুতার জের ধরে একটি কুচক্রী মহল তদবির করে মামলায় আমার নাম ঢুকিয়েছে। পরে খোঁজ নিয়ে আসামি করার বিষয়টি নিশ্চিত হয়েছি।' তিনি বলেন, 'দীর্ঘ ১৭ বছর আওয়ামী লীগের মামলা-হামলার শিকার হয়েছি। অথচ আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে আওয়ামী লীগের নেতাকর্মীদের সঙ্গে আমিও মামলার আসামি হয়েছি। বিষয়টি খুবই বেদনাদায়ক। বিএনপির দায়িত্বশীল নেতা ও স্থানীয় জনপ্রতিনিধির সঙ্গে আমার কথা হয়েছে। তারা বলেছেন, বিষয়টি সমাধান হবে।' আনোয়ার হোসেন বলেন, 'মামলার বাদী এসআই এনামুল হকের সঙ্গেও আমি কথা বলেছি। তিনি আমাকে বলেছেন, আসামিদের তালিকায় আমার নাম কীভাবে এসেছে, তিনি নিজেও জানেন না।' এ বিষয়ে বাকেরগঞ্জ উপজেলা বিএনপির সদস্যসচিব কামরুজ্জামান মিজান মিয়া বলেন, 'শুনেছি পার্শ্ববর্তী মির্জাগঞ্জ উপজেলার স্বেচ্ছাসেবক দল নেতা মো. আনোয়ার হোসেন খানকে পুলিশের দায়ের করা সন্ত্রাসবিরোধী মামলায় আসামি করা হয়েছে। বিষয়টি দুঃখজনক। এ ঘটনার সঙ্গে তার কোনো সম্পৃক্ততা নেই।' বাকেরগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) আদিল হোসেন বলেন, 'গত ২৪ সেপ্টেম্বর রাতে এসআই এনামুল হক বাদী হয়ে একটি মামলা করেছেন। মামলাটি তদন্তাধীন।' তবে আওয়ামী লীগের বিরুদ্ধে দায়ের করা মামলায় বিএনপি নেতার নাম কীভাবে এলো, এ বিষয়ে জানতে চাইলে ওসি এ বিষয়ে কোনো নির্দিষ্ট ব্যাখ্যা দেননি।

মধ্যপ্রাচ্যের কোনো অবকাঠামোই

জানিয়েছে। আইআরআইবির প্রতিবেদনে গালিবাফের উদ্ধৃতি দিয়ে বলা হয়, যে অঞ্চলে ইরান তেল বিক্রি করতে পারবে না, সেখানে অন্য কেউও তেল বিক্রি করতে পারবে না। যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশকে সতর্ক করে গালিবাফ বলেন, ইরানের বিরুদ্ধে যেকোনো হুমকি বা 'দুঃসাহসিক পদক্ষেপের' জবাব দ্রুত ও কঠোরভাবে দেওয়া হবে। তিনি আরও বলেন, ইরানের ওপর নৌ অবরোধ আরোপ, আকাশপথ বন্ধ করা এবং দেশটির বাণিজ্যপথে চাপ সৃষ্টির মার্কিন চেষ্টা ব্যর্থ হবে। আইআরআইবি জানায়, হরমুজ প্রণালি নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যের জবাবে এসব কথা বলেছেন গালিবাফ। তিনি বলেন, ইরানের অবস্থান স্পষ্ট–দেশটির নিরাপত্তা নিশ্চিত না হলে অঞ্চলটির কোনো অবকাঠামোই নিরাপদ থাকবে না। এদিকে আইআরজিসির মুখপাত্র হোসেইন মোহেবি বলেছেন, যুক্তরাষ্ট্রের লক্ষ্য ইরানের জনগণের সম্পদ লুট করা এবং দেশটিকে বিভক্ত করা। মোহেবি বলেন, যুক্তরাষ্ট্রের লক্ষ্য আমাদের জনগণকে লুট করা এবং আমাদের মাতৃভূমিকে বিভক্ত করা। তিনি জানান, মার্কিন জনগণের উদ্দেশে পাঠানো আইআরজিসির চিঠির উদ্দেশ্য সত্য তুলে ধরা, যুক্তরাষ্ট্রের নির্বাচনে প্রভাব বিস্তার করা নয়। মার্কিন নাগরিকদের উদ্দেশে দেওয়া বক্তব্যে আইআরজিসির এই কর্মকর্তা বলেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের ইরানে হামলার সঙ্গে পরমাণু অস্ত্রের কোনো সম্পর্ক নেই। মোহেবির দাবি, যুক্তরাষ্ট্রের মূল উদ্দেশ্য ইরানের জনগণ ও তাদের সম্পদ লুট করা। পাশাপাশি দেশটিকে বিভক্ত করে আবারও নিজেদের নিয়ন্ত্রণে ঔপনিবেশিক রাষ্ট্রে পরিণত করতে চায় ওয়াশিংটন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা নিজেরাও জানেন, ইরান পরমাণু অস্ত্র তৈরির চেষ্টা করছে না।

হজযাত্রীদের জন্য এক প্যাকেজে সব

সৌদি আরবে পৌঁছানো থেকে শুরু করে দেশে ফিরে যাওয়া পর্যন্ত যাত্রাপথের বিভিন্ন সেবা এতে অন্তর্ভুক্ত থাকবে। মন্ত্রণালয় জানিয়েছে, ইলেকট্রনিক প্ল্যাটফর্মের মাধ্যমে প্যাকেজটি দেওয়া হবে। এতে চারটি প্রধান সেবা থাকবে–পবিত্র স্থানগুলোতে প্রয়োজনীয় সেবা, মক্কা ও মদিনায় আবাসন, যাতায়াত এবং খাবারের ব্যবস্থা। পাশাপাশি অতিরিক্ত কিছু সুবিধাও নেওয়ার সুযোগ থাকবে। এই ব্যবস্থার মাধ্যমে বিদেশি হজবিষয়ক দপ্তর ও সংশ্লিষ্ট সংস্থাগুলো বিভিন্ন শ্রেণির হজযাত্রীর জন্য নিজেদের মতো করে কর্মসূচি সাজাতে পারবে। এজন্য একটি নির্দিষ্ট, তবে নমনীয় চুক্তি কাঠামো রাখা হয়েছে বলে জানিয়েছে মন্ত্রণালয়। সৌদি আরবের ১৪৪৮ হিজরি সালের হজ মৌসুমের প্রস্তুতির অংশ হিসেবে এ উদ্যোগ নেওয়া হয়েছে। দেশটির 'ভিশন ২০৩০' এবং হজযাত্রীদের অভিজ্ঞতা উন্নয়নের কর্মসূচির লক্ষ্য বাস্তবায়নের সঙ্গেও এটি সামঞ্জস্যপূর্ণ। মন্ত্রণালয় এরই মধ্যে ১৪৪৮ হিজরি সালের হজের প্রস্তুতি শুরু করেছে। এ লক্ষ্যে ৭৫টির বেশি দেশের হজবিষয়ক দপ্তরের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করে পরিচালন পরিকল্পনা, বিধিবিধান ও প্রয়োজনীয় শর্তাবলি পর্যালোচনা করা হচ্ছে। সাম্প্রতিক বছরগুলোতে হজ ব্যবস্থাপনায় ডিজিটাল অবকাঠামোও সম্প্রসারণ করেছে সৌদি আরব। মন্ত্রণালয়ের ইলেকট্রনিক প্ল্যাটফর্মগুলোতে চুক্তি, কার্যক্রম পরিচালনা ও ভিসা-সংক্রান্ত প্রক্রিয়াগুলো এক ব্যবস্থার আওতায় আনা হয়েছে। এর মাধ্যমে হজযাত্রী ও সেবাদানকারী সংস্থাগুলোর কাজ সমন্বিত করার লক্ষ্য নেওয়া হয়েছে।

বিএনপি নেতার বিরুদ্ধে প্রবাসীর

করেন তিনি। আবিদ হাছান অভিযোগ করেন, নুরে আলম তাঁর রাজনৈতিক পরিচয় এবং তাঁর ভাইয়ের প্রভাব কাজে লাগিয়ে দীর্ঘদিন ধরে তাঁদের ওপর চাপ সৃষ্টি করে আসছেন। তিনি আরও বলেন, সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১০টার দিকে তাঁদের জমির প্রায় এক লাখ টাকা মূল্যের গাছ কেটে নেওয়া হয়। এতে তাঁদের প্রায় এক লাখ টাকার ক্ষতি হয়েছে। তাঁরা বাধা দিলে ভয়ভীতি, গালিগালাজ ও হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ করেন তিনি। এ ঘটনায় তাঁদের জমি দখল হয়ে যাওয়ার আশঙ্কা করছেন জানিয়ে আবিদ হাছান বলেন, তিনি ও তাঁর পরিবারের সদস্যরা বর্তমানে নিরাপত্তাহীনতায় ভুগছেন। আবিদ হাছানের দাবি, ভোলা সদর উপজেলার পূর্ব চর ইলিশা মৌজায় তাঁর দাদার কেনা ৫৮ দশমিক ২৫ শতাংশ জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে। সংবাদ সম্মেলনে আবিদ হাছানের মা নুর নাহার ও তাঁর দাদা মুকবুল সরদার উপস্থিত ছিলেন। তবে এসব অভিযোগ ভিত্তিহীন দাবি করেছেন বিএনপি নেতা নুরে আলম পাটোয়ারী। তিনি বলেন, 'এসব আমাদের পৈতৃক সম্পত্তি। বাবার নামে রেকর্ডভুক্ত সম্পত্তি। এ ছাড়া আলমগীর হোসেনের ফুফু নুর জাহানের কাছ থেকে আমার বড় ভাই আব্দুর রব ৭২ শতাংশ জমি কিনেছেন। এরপর সেই জমি আমরা ভোগ করেছি। তবে জমি দখলে ছিল কম।' নুরে আলম আরও বলেন, 'আমাদের জমিতে আমরা গাছ লাগিয়েছিলাম। সেই গাছ আমরা কেটেছি। বিষয়টি নিয়ে স্থানীয়ভাবে ফয়সালাও হয়েছে।'

প্রতিরাতেই চুরি হচ্ছে বিদ্যুতের

অন্ধকারে দিন কাটছে ওই নারীর। বিদ্যুৎ না থাকায় দোকানে ফ্যান ও বৈদ্যুতিক কেটলিও চালাতে না পারায় কমেছে বেচাকেনা। গত দুই মাসে ওই এলাকার অন্তত ৫০টি বাড়ির তার চুরি করেছে চোরচক্র। পাশাপাশি চুরি হয়েছে একই এলাকার পৌর বর্জ্য শোধনাগারের সার্ভিস তারসহ ল্যাম্পপোস্টের সকল তার। আর শুধু বরগুনা সদর উপজেলার অন্তত দুই শতাধিক বাড়ির বৈদ্যুতিক মূল্যবান সার্ভিস তার চুরি হয়েছে। স্থানীয় বাসিন্দা মো. রুবেল বলেন, আমাদের এলাকায় প্রায় অনেক বাড়িতেই বিদ্যুতের তার চুরি হয়েছে। রাত হলে এখন আমরা আতঙ্কে থাকি কখন চোর আক্রমণ করে। এলাকার বেশিরভাগ মানুষই খেটে খাওয়া। একবার তার চুরি হলে নতুন করে আবারো তার কেনার সামর্থ্য অনেকেরই নেই। একের পর এক এলাকার বাসিন্দাদের সার্ভিস তার চুরির ঘটনা ঘটলেও এখন পর্যন্ত স্থানীয় চেয়ারম্যান, মেম্বার অথবা প্রশাসনের এ বিষয়ে তেমন কোনো ভূমিকা দেখছি না। হেউলিবুনিয়া এলাকার বাসিন্দা রফিক প্যাদা বলেন, লোডশেডিংয়ের সুযোগে গভীর রাতে চুরি হচ্ছে তার। সার্ভিস তার চুরির পর প্লাস্টিকের কাভার খুলে তামার অংশ নিয়ে যায়। আর প্লাস্টিকের কাভার ফেলে যাচ্ছে সড়কের পাশে ঝোপঝাড়ের আড়ালে। প্রায় রাতেই তার চুরি হয়। কিন্তু এর প্রতিকার পাচ্ছি না। কয়েকদিন আগে ঘরের সার্ভিস তার চুরি হয়েছে স্থানীয় বাসিন্দা মো. উজ্জ্বলের। তিনি বলেন, আমি বাজার থেকে বাসায় এসে দেখি বিদ্যুৎ নেই। পরে খাম্বার কাছে গিয়ে দেখলাম সংযোগ তার কাটা। বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করে এলাকার ছাড়া বাড়ি নামক একটা জায়গায় গিয়ে দেখি কয়েকজন মিলে তার কাটছে। অন্ধকারে তাদের সঙ্গে ধস্তাধস্তি করে কাটা অবস্থায় আমার তার নিয়ে আসি। তবে তাদের সঙ্গে চাকু ছিল এবং অন্ধকারে কাউকে চিনতে পারিনি। পৌরসভার পিটিআই সংলগ্ন হেউলিবুনিয়া এলাকায় নির্মিত পৌর বর্জ্য শোধনাগারের সব সংযোগ চুরি হয়েছে জানিয়ে সোবহান নামে এক কর্মী বলেন, সব তার কেটে নিয়ে গেছে। বর্জ্য শোধনাগারের লাইটপোস্ট আছে কিন্তু তার নেই। রাতে গরমে রুমের মধ্যে থাকতে খুবই কষ্ট হয়। পৌরসভা কর্তৃপক্ষ বিষয়টি এসে দেখেছে, কিন্তু এখন পর্যন্ত কোনো পদক্ষেপ নেয়নি। বিষয়টি সম্পর্কে কারো কোনো গুরুত্ব না থাকায় আমাদের এখন অন্ধকারে থাকতে হয়। ১০ দিন আগে নিজ বাসভবনের সার্ভিস তার চুরির সত্যতা নিশ্চিত করে বরগুনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদৎ মো. হাচনাইন পারভেজ বলেন, তার চুরির ঘটনায় এখনো কোনো মামলা হয়নি। তবে চুরির মামলায় বেশ কয়েকজন গ্রেফতার রয়েছে। এদের বেশিরভাগই মাদকাসক্ত, আমরা এ ঘটনায় ভাঙারি দোকানেও খোঁজ খবর নিচ্ছি, তাদের তথ্য সংগ্রহ করছি। আমাদের কাছে অনেক তথ্যই এসেছে। এসব ব্যাপারে আমাদের অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে বরগুনা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মো. মুকিত হাসান খাঁন বলেন, বরগুনায় জেলা পুলিশের বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় চোর, ডাকাত এবং মাদকসেবীদের বিরুদ্ধে অভিযান চলছে। তবে সার্ভিস তার চুরির একটি চক্র সক্রিয় হয়েছে, এমন খবর আমাদের নজরে এসেছে। এরই মধ্যে এই চক্রের একজনকে গ্রেফতার করা হয়েছে। এবং চক্রের অন্য সদস্যদেরকেও চিহ্নিত করা হয়েছে। তাদেরকে গ্রেফতার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

ইলিশ ধরতে গিয়ে জেলে

অসাবধানতাবশত তিনি ট্রলার থেকে ছিটকে পানিতে পড়ে যান। পাশে থাকা অন্য ট্রলারের জেলেরা তাকে পানিতে ডুবে যেতে দেখে উদ্ধারে এগিয়ে আসেন। স্থানীয় জেলেরা দীর্ঘক্ষণ খোঁজাখুঁজি করেও তার কোনো সন্ধান পাননি। আওরাবুনিয়া ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. পনির হাওলাদার বিষয়টি নিশ্চিত করে জানান, হঠাৎ করেই তিনি নদীতে পড়ে যান। আশপাশের জেলেরা দ্রুত উদ্ধারের চেষ্টা চালিয়েও তাকে আর খুঁজে পাননি। কাঁঠালিয়া ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. খলিলুর রহমান বলেন, "বিষখালী নদীতে তীব্র স্রোত রয়েছে। খবর পেয়েই ফায়ার সার্ভিসের টিম দুর্ঘটনাস্থলে পৌঁছায়। বরিশাল থেকে অভিজ্ঞ ডুবুরি দল রওনা হয়েছে, তারা এসে পৌঁছালে উদ্ধার অভিযান শুরু করা হবে।" ঘটনার সত্যতা নিশ্চিত করে কাঁঠালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু নাছের রায়হান জানান, খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থল পরিদর্শন করেছে। ডুবুরি দল পৌঁছানোর পর আনুষ্ঠানিকভাবে উদ্ধার কাজ পরিচালনা করা হবে।

আগৈলঝাড়া উপজেলা হাসপাতাল

হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. গোলাম মোর্শেদ সজিব, আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. শিশির কুমার গাইন, বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা, আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি মো. শামীমুল ইসলাম শামীমসহ প্রমুখ। সভায় ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. গোলাম মোর্শেদ সজিব বলেন, চিকিৎসাসেবার মান, ওষুধ ও চিকিৎসা সরঞ্জামের সুষ্ঠু ব্যবহার, নতুন ডেন্টাল ইউনিটের জন্য এক্স-রে মেশিন ক্রয়, র‍্যাবিস ভ্যাকসিন ক্রয়, রোগীদের বসার সীট, হাসপাতালে পরিচ্ছন্নতা কর্মী সংকট এবং অবকাঠামোগত বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। এব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নিরুপম মজুমদার বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সাধারণ মানুষের চিকিৎসাসেবার অন্যতম প্রধান ভরসাস্থল। তাই পর্যাপ্ত ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম নিশ্চিত করার পাশাপাশি হাসপাতালের পরিচ্ছন্নতা, রোগীবান্ধব পরিবেশ বজায় রাখা জরুরি। সরকারি সম্পদের সুষ্ঠু ব্যবহার ও হাসপাতালের বিদ্যমান সমস্যাগুলো পর্যায়ক্রমে সমাধানের ওপরও গুরুত্ব দেওয়া হয়। এসময় তিনি নতুন ডেন্টাল ইউনিটের এক্স-রে মেশিন ক্রয়ের জন্য এক লক্ষ টাকা এবং র‍্যাবিস ভ্যাকসিন কেনার জন্য এক লক্ষ টাকা প্রদান করেন। সভায় সাধারণ মানুষ যাতে হয়রানি ছাড়াই প্রয়োজনীয় চিকিৎসাসেবা পান এবং উপজেলা পর্যায়ে স্বাস্থ্যসেবার মান আরও উন্নত হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।

আগৈলঝাড়ায় উপজেলা আইনশৃঙ্খলা

সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, অপরাধ দমন, মাদক, ডেঙ্গু, দুর্গাপূজা, সড়কের সোলার লাইট সংস্কার, জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

গলাচিপায় বিএনপির মিছিলে

ডাইরেক্ট অ্যাকশন' স্লোগান শোনা যায়, যা উপস্থিত নেতাকর্মীদের মধ্যে তাৎক্ষণিক বিস্ময়ের সৃষ্টি করে। স্থানীয় বিএনপি নেতারা জানান, মিছিলের শুরুতে কোনো ধরনের সমস্যা ছিল না। পরবর্তীতে হঠাৎ করেই ওই স্লোগানটি উচ্চারিত হয়। এ বিষয়ে গলাচিপা পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ফয়সাল আহমেদ বলেন, 'ভুলবশত হঠাৎ করে মুখ ফসকে দলের নাম বলতে গিয়ে লীগের নাম বলে ফেলেছি। এটি একেবারেই অনাকাঙ্ক্ষিত। আমি এ জন্য অনুতপ্ত এবং ভবিষ্যতে এমন ভুল আর হবে না।' বিক্ষোভ মিছিলে উপস্থিত ছাত্র নেতা আহসান ইমরান বলেন, 'স্লোগানটি অনাকাঙ্ক্ষিতভাবে দেওয়া হয়েছে। এটি ইচ্ছাকৃত ছিল না।' আমখোলা ইউনিয়ন বিএনপির আহ্বায়ক মো. সিদ্দিক গাজী বলেন, 'আমরা নিজেদের দলীয় কর্মসূচি পালন করেছি। সেখানে অন্য দলের লোকজন আসার প্রশ্নই ওঠে না। ভুলবশত এমনটি হয়ে থাকতে পারে।' ঘটনাটি নিয়ে স্থানীয় রাজনৈতিক অঙ্গনে আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে।

ধর্ষণের শিকার প্রতিবন্ধী তরুণী ৭ মাসের

নিশ্চিত হওয়া যায়। এরপর ওই তরুণী তাঁর মায়ের কাছে ইঙ্গিতে অভিযুক্তদের নাম জানান। ঘটনাটি ছড়িয়ে পড়ার পর ভুক্তভোগী পরিবার বিচারের আশায় প্রায় ১৫ দিন ধরে স্থানীয় গণ্যমান্যদের দ্বারে দ্বারে ঘুরেছে। কিন্তু বিষয়টি নিয়ে দরকষাকষি ও ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছিল। পরবর্তীতে গত ২৪ সেপ্টেম্বর বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হলে বিষয়টি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরে আসে। ২৫ সেপ্টেম্বর ভুক্তভোগী তরুণীর মা বাদী হয়ে হিজলা থানায় একটি মামলা করেন। হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোলায়মান বিষয়টি নিশ্চিত করে জানান, মামলা দায়েরের পর গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এজাহারনামীয় প্রধান আসামিকে গ্রেফতার করা হয়েছে। দুপুরে তাঁকে আদালতে পাঠানো হয়েছে।

বৈদ্যুতিক শক দেওয়ার মামলায়

থানা পুলিশের একটি দল উপজেলার মুচিবাড়ির কোনা এলাকা থেকে আব্দুল গফুরকে গ্রেফতার করে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গফুরকে গ্রেফতার করতে পুলিশ মুচিবাড়ির কোনা বাজারে গেলে তিনি পুলিশের সঙ্গে বাকবিতণ্ডায় জড়ান বলে অভিযোগ রয়েছে। এ সময় বাজারের পশ্চিম মাথায় পুলিশকে লক্ষ্য করে গালিগালাজ ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। পরে পুলিশ তাকে ধাওয়া করলে তিনি পাশের একটি সুপারি বাগানে পালানোর চেষ্টা করেন। একপর্যায়ে পুলিশ ধাওয়া করে সুপারি বাগান থেকে তাকে গ্রেফতার করে। তজুমদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, "মুচিবাড়ির কোনা বাজারে বাবুল নামে এক ব্যক্তিকে মারধর ও বৈদ্যুতিক শক দেওয়ার ঘটনায় দায়ের হওয়া মামলায় আব্দুল গফুরকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে চাঁদাবাজি ও মারধরসহ একাধিক মামলা রয়েছে।" পুলিশ জানায়, চলতি বছরের সেপ্টেম্বর মাসে আব্দুল গফুরের বিরুদ্ধে কয়েকজনকে মারধর ও বৈদ্যুতিক শক দেওয়ার অভিযোগ ওঠে। এসব ঘটনায় ভুক্তভোগীদের পক্ষ থেকে তজুমদ্দিন থানায় লিখিত অভিযোগ দেওয়ার কথাও জানিয়েছে পুলিশ।

বরিশালে ভয়াবহ রূপ নিচ্ছে ডেঙ্গু

বিভাগের ছয় জেলার সরকারি হাসপাতালগুলোতে ১১ হাজার ২১২ রোগী ভর্তি হয়েছেন। সর্বশেষ ২৭ সেপ্টেম্বর রাতে পটুয়াখালীর বাউফলে ৬০ বছর বয়সী আব্দুল বারেক নামে এক ব্যক্তি ডেঙ্গু জ্বরে মারা যান। এ নিয়ে বিভাগে ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৭ জনে। অন্যদিকে, বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চলতি বছরের ২৮ সেপ্টেম্বর সকাল পর্যন্ত এক হাজার ১৯২ ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছেন। এ সময়ে মারা গেছেন ১৪ জন। বর্তমানে হাসপাতালে ১৬৫ ডেঙ্গু রোগী ভর্তি রয়েছেন। তবে হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের মধ্যে কে ডেঙ্গু আক্রান্ত আর কে সাধারণ রোগী, তা আলাদা করা কঠিন হয়ে পড়েছে। সোমবার দুপুরে সরেজমিনে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিভাগ ঘুরে দেখা যায়, রোগীর ভিড়ে ওয়ার্ডগুলোতে তিল ধারণের ঠাঁই নেই। কেউ বেডে, আবার কেউ মেঝেতে ফোম বা চাদর বিছিয়ে চিকিৎসা নিচ্ছেন। শুধু ওয়ার্ডের ভেতরেই নয়, হাসপাতালের বারান্দাতেও রোগী ও স্বজনদের ভিড়। ওয়ার্ডগুলোর মধ্যেই ডেঙ্গু রোগীদের জন্য আলাদা জায়গা রাখা হয়েছে। কিন্তু জায়গা সংকটের কারণে সেখানেও সাধারণ রোগীদের ভর্তি রাখা হয়েছে। ডেঙ্গু রোগীদের শয্যায় মশারি টাঙানো নেই। ওয়ার্ড থেকে মশারি দেওয়া হচ্ছে না বলেও অভিযোগ করেছেন রোগীর স্বজনরা। হাসপাতালের মেডিসিন ইউনিট-৩-এ চিকিৎসাধীন ডেঙ্গু আক্রান্ত রোগীর স্বজন গৌরনদীর কৃষ্ণা মজুমদার বলেন, 'পাঁচ দিন ধরে ডেঙ্গু আক্রান্ত স্বামীকে নিয়ে এই হাসপাতালে আছি। প্রথমে এসে ফ্লোরে থাকতে হয়েছে। পরে বেড পেয়েছি, কিন্তু মশারি পাইনি। এখানে চিকিৎসা পাই, কিন্তু একমাত্র নাপা ছাড়া কোনো ওষুধ পাই না। সব ওষুধ বাইরে থেকে কিনে আনতে হয়।' পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার সাপলেজা গ্রামের বাসিন্দা মো. শাহ জালাল বলেন, 'চার দিন ধরে এই হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগী নিয়ে আছি। কিন্তু এখানে ডেঙ্গু রোগীদের জন্য আলাদা কোনো ব্যবস্থা নেই। সব রোগী এক জায়গায় রাখা হচ্ছে। এতে সাধারণ রোগীরাও ডেঙ্গু জ্বরে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।' তিনি বলেন, 'ওয়ার্ডের মধ্যে রোগীর এত চাপ যে হাঁটার জায়গা পর্যন্ত নেই। তার ওপর এই গরমে ওয়ার্ডে পর্যাপ্ত বৈদ্যুতিক ফ্যানের ব্যবস্থাও নেই। গরমে রোগীরা আরও অসুস্থ হয়ে যাচ্ছে। তাছাড়া হাসপাতাল থেকে কোনো ওষুধ পাই না। সব বাইরে থেকে কিনে আনতে হচ্ছে।' চিকিৎসাধীন রোগী গৌরনদীর মো. জসিম হাওলাদার বলেন, 'রোববার বেলা ১১টার দিকে ডেঙ্গু জ্বর নিয়ে এই হাসপাতালে ভর্তি হয়েছি। কিন্তু সন্ধ্যা ৭টা পর্যন্ত কোনো চিকিৎসক আসেননি। পরে একজন নার্স গ্যাস্ট্রিকের ইনজেকশন দিতে আসেন। সারাদিনে চিকিৎসক না আসার কারণ জানতে চাইলে তিনি ক্ষুব্ধ হয়ে চলে যান। এই হাসপাতাল থেকে এখন পর্যন্ত নাপা আর গ্যাস্ট্রিকের ওষুধ ছাড়া কিছুই পাইনি।' তবে নানা সীমাবদ্ধতার মধ্যেও ডেঙ্গু রোগীদের যথাযথ চিকিৎসা দেওয়ার চেষ্টা করছেন বলে জানিয়েছেন মেডিসিন ইউনিটের ইনচার্জ ও সিনিয়র স্টাফ নার্স সালমা সুলতানা। তিনি বলেন, 'আমাদের এই ইউনিটটি ৪৮ শয্যার। সেখানে ৭৫ শয্যার ব্যবস্থা করে রোগীদের চিকিৎসা দেওয়া হচ্ছে। এই সংখ্যক শয্যার বিপরীতে বর্তমানে ১৫২ রোগী চিকিৎসাধীন রয়েছেন। তাদের মধ্যে ১৯ জন ডেঙ্গু রোগী।' তিনি বলেন, 'ডেঙ্গু রোগীর চাপ দিন দিন বাড়ছে। কিন্তু জায়গা বাড়ছে না। এ কারণে ডেঙ্গু রোগীদের জন্য ওয়ার্ডের মধ্যে আলাদা ব্যবস্থা করা হলেও সেখানে বাধ্য হয়ে সাধারণ রোগীদেরও রাখতে হচ্ছে। তার ওপর আমাদের জনবলের অনেক সংকট। দেড় শতাধিক রোগীর জন্য দিনে তিনজন, বিকেলে দুজন এবং রাতে দুজন করে নার্স দায়িত্ব পালন করেন। এই সংখ্যক নার্স দিয়ে সব রোগীকে সেবা দিতে গিয়ে বেগ পেতে হচ্ছে। তারপরও আমরা সর্বোচ্চটা দেওয়ার চেষ্টা করছি।' সালমা সুলতানা আরও বলেন, 'আমরা যেভাবে ওষুধ সরবরাহ পাই, সেভাবেই ওষুধ দেওয়া হচ্ছে। ৪৮ শয্যার ওষুধ দিয়ে প্রায় দেড়শ রোগীকে ম্যানেজ করতে হয়। যে কারণে ওষুধ কমবেশি হতে পারে। আমাদের বড় সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে ভিজিটররা। একজন রোগীর সঙ্গে তিন থেকে পাঁচজন পর্যন্ত ভিজিটর থাকেন। এ কারণে বিশৃঙ্খলা বেশি হয়ে যায়।' বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক সার্জন ও মিডিয়া অফিসার ডা. রেজওয়ানুল ইসলাম রেজা বলেন, 'বর্তমানে ডেঙ্গু পরিস্থিতি কিছুটা উদ্বেগজনক। আগামী ডিসেম্বর পর্যন্ত এমন পরিস্থিতি থাকতে পারে। তবে রোগী বাড়লেও আমাদের হাসপাতালে জায়গা বাড়েনি। যে কারণে সাধারণ রোগীদের সঙ্গে ডেঙ্গু রোগীদের চিকিৎসা দিতে হচ্ছে। তবে স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আমরা ডেঙ্গু ওয়ার্ড আলাদা করার উদ্যোগ নিয়েছি। সাবেক মেডিসিন ভবনের ডেন্টাল ওয়ার্ডে ডেঙ্গু ওয়ার্ড স্থানান্তর করা হবে। সেই প্রস্তুতি চলছে। শিগগিরই আলাদা ওয়ার্ডের সমস্যাটি সমাধান হবে।' তিনি বলেন, 'শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল ৫০০ শয্যার অবকাঠামো। আর কাগজে-কলমে শয্যা সংখ্যা এক হাজার। অথচ প্রতিদিন আড়াই থেকে তিন হাজার পর্যন্ত রোগী ভর্তি থেকে চিকিৎসা নিচ্ছেন। সোমবার সকাল পর্যন্ত ভর্তি রোগীর সংখ্যা ছিল ২ হাজার ৮০৪ জন। এর মধ্যে মেডিসিন বিভাগের ছয়টি ইউনিটে রোগীর সংখ্যা ৮২৪ জন। তাদের মধ্যে ১৬৫ জন ডেঙ্গু রোগী। এত সংখ্যক রোগীর চাপে হয়তো ওষুধের কিছুটা সংকট হতে পারে।' ডা. রেজা আরও বলেন, 'জনবল সংকটের কারণে চিকিৎসাসেবা দিতে আমাদের হিমশিম খেতে হচ্ছে। এক হাজার শয্যার চিকিৎসকের অনুকূলে তিন হাজার রোগী। আমাদের এখনো চিকিৎসকের ৩০ শতাংশ পদ শূন্য। নার্স যে সংখ্যক প্রয়োজন, তাও নেই। সীমাবদ্ধতার মধ্যেও আমরা চিকিৎসাসেবার সর্বোচ্চটা দেওয়ার চেষ্টা করছি।'

বিএনপিকে বাঁচানো নয়, ফ্যাসিবাদের দোসরদের থেকে জানমাল রক্ষা প্রশাসনের দায়িত্ব: গয়েশ্বর

কীর্তনখোলা ডেস্ক

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, বিএনপির নেতা-কর্মীদের বাঁচানোর প্রশ্ন নয়, ফ্যাসিবাদের দোসরদের হাত থেকে জনগণের নিরাপত্তা ও জানমাল রক্ষা করাই প্রশাসনের প্রধান দায়িত্ব। প্রশাসনের দায়িত্ব হলো গোপনে সক্রিয় থাকা ফ্যাসিবাদের দোসরদের নিবৃত্ত করা, আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করা ও জনগণের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা। মঙ্গলবার রাজধানীর জিয়া উদ্যানে জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। ফ্যাসিবাদের নেতৃত্ব চলে গেলেও তার চরিত্র বহনকারী অনেক লোক এখনো দেশে রয়ে গেছে উল্লেখ করে গয়েশ্বর চন্দ্র বলেন, ভোরবেলায় হুটহাট ককটেল মিছিল কিংবা বোমা ফাটিয়ে জনজীবন অস্থিতিশীল করা ও গণতন্ত্রের অগ্রযাত্রা ব্যাহত করার চেষ্টা চলছে। তবে বিএনপি ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা জনগণের পক্ষে সজাগ রয়েছেন। কোনো অবস্থায়ই দেশে আবার অনাকাঙ্ক্ষিত পরিবেশ সৃষ্টি করতে দেওয়া হবে না। বিএনপির এ নেতা আরও বলেন, 'বহু সংগ্রাম, আত্মাহুতি, গুম-খুন ও জেল-জুলুমের মধ্য দিয়ে আজ আমরা জিয়াউর রহমানের বহুদলীয় গণতন্ত্র ও সার্বভৌমত্ব পুনঃপ্রতিষ্ঠার সূচনা করতে পেরেছি। ৫ আগস্টের আন্দোলনের মুখে ফ্যাসিবাদীদের এই দেশ থেকে বিতাড়িত করতে জনগণ সক্ষম হয়েছে–এটাই বাস্তবতা।' শ্রদ্ধা নিবেদনকালে স্বেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক সরাফত আলী সপুসহ জিয়া মঞ্চের বিভিন্ন ইউনিটের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দুই দশক ও ৪৫০০ সেনা হারানোর পর অবশেষে ইরাক ছাড়ছে মার্কিন বাহিনী

কীর্তনখোলা ডেস্ক

দুই দশকেরও বেশি সময়ের যুদ্ধ ও প্রায় ৪ হাজার ৫০০ মার্কিন সেনার প্রাণহানির পর অবশেষে ইরাক ছাড়ছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। বুধবারের মধ্যে ইরাকে থাকা মার্কিন বাহিনীর শেষ ঘাঁটিগুলো থেকেও সেনা প্রত্যাহারের কথা রয়েছে। যুক্তরাষ্ট্রের এই বিদায়কে নিজেদের বিজয় হিসেবে দেখছে ইরান ও দেশটির মিত্র সশস্ত্র গোষ্ঠীগুলো, যারা এরই মধ্যে ইরাকে গভীর প্রভাব বিস্তার করেছে। ইরাকের নিরাপত্তা বিশ্লেষকেরা রয়টার্সকে বলছেন, ২০২৪ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সময়ে নেওয়া প্রত্যাহারের সিদ্ধান্তটি এখন ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন বাস্তবায়ন করছে। এমনকি একই সময়ে যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাচ্ছে। তাদের আশঙ্কা, মার্কিন বাহিনী চলে গেলে ইরান ও তার শক্তিশালী মিত্ররা ইরাকে আরও অবাধে প্রভাব বিস্তার করতে পারবে। একই সঙ্গে ইসলামিক স্টেটসহ যুক্তরাষ্ট্রের অন্যান্য প্রতিপক্ষও ঘুরে দাঁড়ানোর সুযোগ পেতে পারে। ইরানঘনিষ্ঠ শিয়া সশস্ত্র গোষ্ঠীগুলো নিয়ে গবেষণা করা ইরাকি নিরাপত্তা বিশ্লেষক জাসিম আল-বাহাদলি বলেন, মার্কিন নেতৃত্বাধীন জোটের বিদায়ে কৌশলগতভাবে লাভবান হবে ইরান। কারণ, বহু বছর ধরে ইরাকের রাজনীতি ও নিরাপত্তায় তেহরানের প্রভাবের বিরুদ্ধে ভারসাম্য হিসেবে কাজ করেছে মার্কিন সামরিক উপস্থিতি। তার মতে, ইরানপন্থি মিলিশিয়াগুলো এই প্রত্যাহারকে নিজেদের বিজয় হিসেবে তুলে ধরার পাশাপাশি নিরাপত্তা ও রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আরও বেশি প্রভাব প্রতিষ্ঠার চেষ্টা করবে। ইরানপন্থি সশস্ত্র গোষ্ঠীগুলোর জোট 'ইসলামিক রেজিস্ট্যান্স ইন ইরাক'-এর কমান্ডার আবু মুজতবা আল-ইয়াসিরি মার্কিন প্রত্যাহারকে 'ইরাকি ইসলামিক প্রতিরোধ গোষ্ঠী ও সম্মানিত ইরাকিদের ঐতিহাসিক বিজয়' এবং 'আমেরিকান প্রকল্পের চরম পরাজয়' বলে বর্ণনা করেছেন। রয়টার্সকে তিনি বলেন, '৩০ সেপ্টেম্বর আমরা ইরাকের ইতিহাসের একটি কালো অধ্যায়ের অবসান এবং আমাদের দেশের ওপর নিজেদের ইচ্ছা চাপিয়ে দেওয়ার দখলদারিত্বের ব্যর্থতা উদযাপন করব।' ইরাকিদের মধ্যে মার্কিন বাহিনীর চূড়ান্ত প্রত্যাহারের পক্ষে ব্যাপক সমর্থন থাকলেও ইরানে সমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোর শক্তি নিয়ে উদ্বিগ্নদের কেউ কেউ মনে করছেন, এই মুহূর্তে প্রত্যাহারটি আগাম হয়ে যাচ্ছে। এক সময় মার্কিনবিরোধী প্রতিরোধের ঘাঁটি হিসেবে পরিচিত ফালুজার সুন্নি গোত্রীয় নেতা আবদুর রহমান আল-জোবাই বলেন, 'আমরা মনে করি, এই মুহূর্তে ইরাক নিরাপত্তার দায়িত্ব পুরোপুরি নেওয়ার জন্য এখনো প্রস্তুত নয়।' রয়টার্সকে তিনি বলেন, সব ইরাকি পূর্ণ সার্বভৌমত্ব চান এবং এ নিয়ে কারও দ্বিমত নেই। তবে মার্কিন নেতৃত্বাধীন জোট এভাবে চলে গিয়ে যে শূন্যতা তৈরি করছে, সেটিই ইরাকিদের সবচেয়ে বড় উদ্বেগ। ২০০৩ সালে সুন্নি মুসলিম স্বৈরশাসক সাদ্দাম হোসেনকে ক্ষমতাচ্যুত করতে ইরাকে অভিযান চালায় যুক্তরাষ্ট্র। পরে দেশটি দখলে নিয়ে শিয়াপন্থি নেতৃত্বাধীন সরকার প্রতিষ্ঠা করে এবং দীর্ঘ সময় ধরে বিদ্রোহ দমনে লড়াই চালায়। ২০১১ সালের শেষ দিকে মার্কিন বাহিনী ইরাক সেনা থেকে প্রত্যাহার করে। তবে এর তিন বছরেরও কম সময়ের মধ্যে ইসলামিক স্টেটের বিরুদ্ধে ইরাকি বাহিনীকে সহায়তা করতে আবারও দেশটিতে ফিরে আসে মার্কিন সেনারা। ২০১৪ থেকে ২০১৭ সাল পর্যন্ত চলা বড় ধরনের সামরিক অভিযানে ইসলামিক স্টেটকে পরাজিত করতে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। 'অপারেশন ইরাকি ফ্রিডম'-এ নিহত মার্কিন নাগরিকের সংখ্যা আফগানিস্তানে একই সময়ে চলা যুদ্ধে নিহতের প্রায় দ্বিগুণ। আফগানিস্তান থেকে ২০২১ সালে আকস্মিকভাবে মার্কিন বাহিনী প্রত্যাহার করা হয়েছিল। সাম্প্রতিক বছরগুলোতে ইরাক এমন একমাত্র দেশ হিসেবে টিকে ছিল, যার যুক্তরাষ্ট্র ও ইরান; উভয়ের সঙ্গেই ঘনিষ্ঠ রাজনৈতিক ও সামরিক সম্পর্ক রয়েছে। কখনো কখনো ইরাকি ভূখণ্ডই দুই পক্ষের পরোক্ষ সংঘাতের ক্ষেত্র হয়ে উঠেছে। ২০২০ সালে বাগদাদ বিমানবন্দরের কাছে মার্কিন ড্রোন হামলায় ইরানের শীর্ষ কমান্ডার কাসেম সোলাইমানিকে হত্যা করা হয়। এর পর ইরানপন্থি সশস্ত্র গোষ্ঠীগুলো বারবার ইরাকে থাকা মার্কিন ঘাঁটিতে হামলা চালিয়েছে, যার জবাবে যুক্তরাষ্ট্রও পাল্টা হামলা চালিয়েছে। চলতি বছরের ইরানবিরোধী যুদ্ধে নিহত ১৮ মার্কিন সেনার মধ্যে সাতজন ইরাকে অবস্থানরত ছিলেন। সর্বশেষ গত জুলাইয়ে এরবিলের কাছে একটি ঘাঁটিতে ড্রোন নিয়ন্ত্রিতভাবে ধ্বংস করার সময় এক মার্কিন সেনাসদস্য নিহত হন।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ৩০ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৫ আশ্বিন ১৪৩৩

হজযাত্রীদের জন্য এক প্যাকেজে সব সেবা, নতুন উদ্যোগ সৌদি আরবের

কীর্তনখোলা ডেস্ক
২০২৭ সালের হজ মৌসুমে বিদেশি হজযাত্রীদের জন্য সমন্বিত প্যাকেজ চালুর ঘোষণা দিয়েছে সৌদি আরবের হজ ও ওমরাহ মন্ত্রণালয়। এ প্যাকেজে হজযাত্রার প্রয়োজনীয় সেবাগুলো একটি ইলেকট্রনিক চুক্তির আওতায় আনা হবে। ৩ এর পাতায় দেখুন

মধ্যপ্রাচ্যের কোনো অবকাঠামোই নিরাপদ থাকবে না: ইরান

কীর্তনখোলা ডেস্ক
ইরানের নিরাপত্তা নিশ্চিত করা না হলে মধ্যপ্রাচ্যের কোনো অবকাঠামোই নিরাপদ থাকবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবি এ খবর ৩ এর পাতায় দেখুন

বরিশালে ভয়াবহ রূপ নিচ্ছে ডেঙ্গু পরিস্থিতি, মিলছে না পর্যাপ্ত ওষুধ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালসহ দক্ষিণাঞ্চলে ডেঙ্গু পরিস্থিতি দিন দিন ভয়াবহ রূপ নিচ্ছে। বিভাগের সরকারি হাসপাতালগুলোতে প্রতিদিন গড়ে প্রায় আড়াইশ রোগী ভর্তি হচ্ছেন। রোগীর চাপ বাড়লেও সংকট কাটছে না চিকিৎসাব্যবস্থায়। বিশেষ করে দক্ষিণাঞ্চলের অন্যতম নির্ভরযোগ্য চিকিৎসা প্রতিষ্ঠান শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালেও দেখা দিয়েছে নানা সংকট। জায়গার সংকট, ধারণক্ষমতার তিনগুণের বেশি রোগী, জনবল ঘাটতির পাশাপাশি সরকারি ওষুধও পর্যাপ্ত মিলছে না বলে অভিযোগ রোগী ও স্বজনদের। সরকারি ওষুধ বলতে একমাত্র প্যারাসিটামলনির্ভর হয়ে পড়েছে দক্ষিণাঞ্চলের বৃহৎ এই হাসপাতালের চিকিৎসাসেবা। চলমান সংকট দ্রুত নিরসনে হাসপাতাল কর্তৃপক্ষও হিমশিম খাচ্ছে। স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে ২৮ সেপ্টেম্বর সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ৩ এর পাতায় দেখুন

আওয়ামী লীগের বিরুদ্ধে নাশকতার মামলায় বিএনপি নেতার নাম

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে পুলিশের দায়ের করা নাশকতার মামলায় বিএনপির সহযোগী সংগঠন স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে আসামি করার অভিযোগ উঠেছে। গত বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) রাতে বাকেরগঞ্জ থানায় মামলাটি করেন থানার উপপরিদর্শক (এসআই) মো. এনামুল হক। মামলায় ১৯ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতপরিচয় কয়েকজনকে আসামি করা হয়েছে। এজাহারে আওয়ামী লীগ, যুবলীগ ও তাদের সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের পাশাপাশি স্বেচ্ছাসেবক দল নেতা মো. আনোয়ার হোসেন খানের নামও রয়েছে। মামলার এজাহারে বলা হয়, ২৪ সেপ্টেম্বর রাত ৩ এর পাতায় দেখুন

সাবেক এমপির বাসা থেকে আটক নিষিদ্ধ ছাত্রলীগের ১৫ নেতাকর্মী রিমান্ডে

কীর্তনখোলা ডেস্ক
রাজধানীর উত্তরা পশ্চিম এলাকায় বরগুনা-২ আসনের সাবেক এমপি শওকত হাসানুর রহমান রিমনের বাসা থেকে আটক নিষিদ্ধ ছাত্রলীগের ১৫ নেতাকর্মীর রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। তাদের মধ্যে একজনের একদিন এবং বাকি ১৪ জনের তিন দিন করে রিমান্ড মঞ্জুর করা হয়েছে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর)

ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সেফাতুল্লাহ উভয় পক্ষের শুনানি শেষে এ আদেশ দেন। রিমান্ড পাওয়া আসামিরা হলেন- মো. ইয়াকুব হোসাইন রাজিব, আরাফাত মিয়া, রিফাত হাওলাদার, হৃদয় হাসান, ফাহিম, রাজিব হোসেন রানা, মো. ফিরোজ, মো. আরিফ, মো. ওমর ৩ এর পাতায় দেখুন

আওয়ামী লীগ ও ছাত্রলীগের দুই নেতা গ্রেফতার

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে পৃথক ঘটনায় আওয়ামী লীগ ও ছাত্রলীগের দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২৮ সেপ্টেম্বর) রাতে পৃথক স্থান থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতাররা হলেন- উপজেলার মো. সেলিম তালুকদার (৪৫) ও সিক্ত সমাদ্দার (২০)। গ্রেফতার সেলিম উপজেলার বলদিয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি। তিনি উপজেলার উড়িবুনিয়া গ্রামের মোহাম্মাদ আব্দুল বারেক তালুকদারের ছেলে। অপরদিকে গ্রেফতার হওয়া সিক্ত সমাদ্দার উপজেলার সোহাগদল ইউনিয়নের সমাদ্দার বাড়ির সমরেশ সমাদ্দারের ছেলে। তিনি সোহাগদল ইউনিয়ন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক। পুলিশ সূত্রে জানা যায়, সেলিম তালুকদারের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে একটি রাজনৈতিক মামলা রয়েছে। ওই মামলায় তাকে বলদিয়া এলাকা থেকে ডিবি পুলিশ গ্রেফতার করে। অপরদিকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে রাজনৈতিক পোস্ট এবং মিছিলের ৩ এর পাতায় দেখুন

বৈদ্যুতিক শক দেওয়ার মামলায় স্বেচ্ছাসেবক দল নেতা আটক

তজুমদ্দিন প্রতিনিধি
ভোলার তজুমদ্দিন উপজেলা স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুল গফুরকে গ্রেফতার করেছে পুলিশ। মুচিবাড়ির কোনা বাজারে বাবুল নামে এক ব্যক্তিকে মারধর ও বৈদ্যুতিক শক দেওয়ার ঘটনায় দায়ের করা মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। তার বিরুদ্ধে চাঁদাবাজি ও মারধরসহ একাধিক অভিযোগ ও মামলা রয়েছে বলেও পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বেলা ১১টার দিকে তজুমদ্দিন ৩ এর পাতায় দেখুন

ধর্ষণের শিকার প্রতিবন্ধী তরুণী ৭ মাসের অন্তঃসত্ত্বা, প্রধান অভিযুক্ত গ্রেফতার

হিজলা প্রতিনিধি
বরিশালের হিজলায় বাক ও বুদ্ধিপ্রতিবন্ধী তরুণীকে ধর্ষণের অভিযোগে করা মামলার প্রধান আসামি মো. ফারুক ভূঁইয়াকে (৪০) গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার ভোরে তাঁর মেয়েজামাইয়ের বাড়ি থেকে তাঁকে গ্রেফতার করা হয়। ফারুক ভূঁইয়া হিজলা উপজেলার বাসিন্দা। পুলিশ ও মামলার সূত্রে জানা যায়, ভিক্ষা করে জীবিকা নির্বাহ করা বৃদ্ধা মা কিছুদিন আগে তাঁর বাক ও বুদ্ধিপ্রতিবন্ধী মেয়ের শারীরিক পরিবর্তন লক্ষ করেন। পরে চিকিৎসকের কাছে নিলে ওই তরুণীর সাত মাসের অন্তঃসত্ত্বা হওয়ার বিষয়টি ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সকাল ১১ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নিরুপম মজুমদারের সভাপতিত্বে আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা সুনীতি কুমার সাহা, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহবায়ক শিকদার হাফিজুল ইসলাম, সদস্য সচিব মোল্লা বশির আহম্মেদ পান্না, যুগ্ম আহবায়ক শাহ মো. বখতিয়ার, বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা, আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি মো. শামীমুল ইসলাম শামীম, থানার এসআই সিদ্দিকুর রহমান, ইউপি চেয়ারম্যান ইলিয়াস তালুকদার, অধ্যক্ষ ফারুক হোসেন, প্রধান শিক্ষক জহিরুল হক, মাদ্রাসার সুপার রফিকুল ইসলাম, পলাশ হালদার, নয়ন খানমসহ প্রমুখ। এসময় উপজেলার বিভিন্ন কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন। বক্তারা সভায় উপজেলার ৩ এর পাতায় দেখুন

গলাচিপায় বিএনপির মিছিলে ছাত্রলীগ-যুবলীগের স্লোগান

গলাচিপা প্রতিনিধি
পটুয়াখালীর গলাচিপা উপজেলার আমখোলা ইউনিয়নে বিএনপির বিক্ষোভ মিছিলে হঠাৎ করে ছাত্রলীগ ও যুবলীগের স্লোগান দেওয়ার ঘটনা ঘটেছে। সোমবার দুপুরে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত বিক্ষোভ মিছিল চলাকালে এ ঘটনা ঘটে। জানা গেছে, উপজেলার আমখোলা ইউনিয়ন বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের আয়োজনে 'পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার বিরুদ্ধে' শিরোনামে আয়োজিত এ কর্মসূচিতে শুরুতে স্বাভাবিকভাবেই মিছিল চলছিল। তবে একপর্যায়ে মিছিল থেকে 'ছাত্রলীগের অ্যাকশন, ডাইরেক্ট অ্যাকশন–যুবলীগের অ্যাকশন ৩ এর পাতায় দেখুন

প্রতিরাতেই চুরি হচ্ছে বিদ্যুতের তার, বাদ যায়নি ওসির বাসাও

বরগুনা প্রতিনিধি
বরগুনায় রাতের আঁধারে একের পর এক চুরি হচ্ছে বাসাবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানের বৈদ্যুতিক সার্ভিস তার। চোরের হাত থেকে রক্ষা পায়নি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সরকারি বাসার তারও। গত দুই মাসে চোর চক্র অন্তত দুই শতাধিক বাড়ির মূল্যবান সার্ভিস তার চুরি করেছে। তবে পুলিশ বলছে, এরই মধ্যে চোর চক্রকে শনাক্ত করা হয়েছে। গ্রেফতার করা হয়েছে একজনকে। চোর চক্র ধরতে তাদের অভিযান অব্যাহত রয়েছে। সরেজমিনে বরগুনা সদর উপজেলার ক্রোক এলাকায় গিয়ে দেখা যায়, গত ১৩ সেপ্টেম্বর রাতে সদর উপজেলার ক্রোক এলাকার বাসিন্দা বিধবা মোরশেদা বেগমের চায়ের দোকান ও বাসার প্রায় ৩০ হাজার টাকা মূল্যের সার্ভিস তার চুরি করে নিয়ে যায় চোর চক্র। এরপর থেকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন রয়েছে তার। অর্থাভাবে নতুন তার কিনে সংযোগ নিতে না পারায় ৩ এর পাতায় দেখুন

বিএনপি নেতার বিরুদ্ধে প্রবাসীর জমি দখলের চেষ্টার অভিযোগ

ভোলা প্রতিনিধি
ভোলায় নুরে আলম পাটোয়ারী নামে এক বিএনপি নেতা ও তাঁর বড় ভাই অবসরপ্রাপ্ত সহকারী পুলিশ সুপার (এএসপি) আব্দুর রবের বিরুদ্ধে জমি দখলের চেষ্টা ও জোরপূর্বক গাছ কাটার অভিযোগ উঠেছে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সকালে ভোলা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে এ অভিযোগ করেন ভুক্তভোগী পরিবারের সদস্যরা। অভিযুক্ত নুরে আলম পাটোয়ারী ভোলা সদর উপজেলার ইলিশা ইউনিয়ন বিএনপির সহসভাপতি। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ভুক্তভোগী আবিদ হাছান বলেন, তাঁর বাবা মো. আলমগীর হোসেন একজন প্রবাসী। বর্তমানে তিনি সৌদি আরবে বসবাস করছেন। প্রায় চার বছর আগে তাঁর বাবা এলাকায় এলে নুরে আলম পাটোয়ারী ও তাঁর লোকজন তাঁকে মারধর এবং তাঁদের জমি জোরপূর্বক দখলের চেষ্টা করেন। এ ঘটনায় স্থানীয় পুলিশ ফাঁড়িতে অভিযোগ করা হলেও পরে স্থানীয়ভাবে সালিশ-মীমাংসার চেষ্টা করা হয়। তবে এতে কার্যকর কোনো সমাধান হয়নি বলে দাবি ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবার মানোন্নয়ন, রোগীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি, হাসপাতালের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা জোরদারের লক্ষ্যে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বেলা ২টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নিরুপম মজুমদারের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ৩ এর পাতায় দেখুন

পরিকল্পিতভাবে সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার বিরুদ্ধে মহানগর বিএনপি'র সিনিয়র যুগ্ম আহবায়ক আফরোজা খানম নাসরিনের নেতৃত্বে নগরীতে বিক্ষোভ মিছিল -কীর্তনখোলা

ইলিশ ধরতে গিয়ে জেলে নিখোঁজ

কাঁঠালিয়া প্রতিনিধি
ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় বিষখালী নদীতে ইলিশ মাছ ধরতে গিয়ে আবদুল মন্নান হাওলাদার (৫৫) নামে এক জেলে নদীতে পড়ে তলিয়ে গেছেন। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিখোঁজ জেলে উপজেলার আওরাবুনিয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের মৃত আবদুল মজিদ হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, বিকেলে ট্রলার নিয়ে বিষখালী নদীতে ইলিশ মাছ ধরতে যান আবদুল মন্নান। একপর্যায়ে ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com